Current
Authentic Method
OF
Spoken English

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

UNIT—ONE

Foundation Building (ভিত্তি গঠন)

ইংরেজি শেখার জন্য Grammar-জানার দরকার নেই তা অনেকেই বলে থাকেন। তা আমরাও সমর্থন করি। যেমন, মাতৃভাষার ব্যাকরণ না জেনেও আমরা অনর্গল এবং সাবলীলভাবে কথা বলতে পারি। বিদেশী ভাষাও এভাবে শেখা যায়। তবে এভাবে শিখে কাঙ্ক্ষিত সাফল্য পাওয়া কঠিন ব্যাপার। তাছাড়া এভাবে শেখার জন্য যে ধরনের atmosphere (পারিপার্শ্বিক অবস্থা) দরকার তা সাধারণত সবার থাকে না। তাই আমাদের বাংলা ভাষাভাষীদের ইংরেজি শিখতে গ্রামারকে বাদ দেয়া ঠিক হবে না।

যারা গ্রামারকে বাদ দিয়ে ইংরেজি শেখেন তারা অধিকাংশ ক্ষেত্রে বিশেষ কতিপয় বাংলা বাক্যকে translate করা শেখেন। তারা শেখেন Water, please. অর্থাৎ 'দয়া করে পানি দিবেন কি?' এবং Stay now দিয়ে এখন বরং থেকে যাও, বুঝায়।

তবে গ্রামারকে গতানুগতিক পদ্ধতিতে মুখস্থ করার মত না শিখে বরং গ্রামারকে অনুভূতির সাথে মিশিয়ে নিতে হবে। তাই বেশিরভাগ পাঠকের কথা চিন্তা করে এ অংশে কিছু Grammatical Rules আলোচনা করলাম। এখানে গ্রামারের নিয়মগুলোকে অত্যন্ত সহজভাবে structure-এর মাধ্যমে তুলে ধরেছি যার মাধ্যমে পাঠকরা একই ধরনের যেকোন ভাবকে প্রকাশ করতে পারবেন, ইনশাআল্লাহ্!

CHAPTER ONE — TENSE (কাল)

এ অধ্যায়ের আলোচ্য বিষয় ঃ

সময়ের মধ্যে সংঘটিত কাজ যেমন – আমি উপন্যাস পড়ছি। ফাহাদ উপন্যাস পড়বে। তারা নাটক দেখতে যাবে।

এ ধরনের বাক্যকে ইংরেজিতে প্রকাশ করার সহজ পদ্ধতি।

বাংলা ভাষাভাষীদের ইংরেজি শেখার জন্য Tense অত্যন্ত জরুরি। তাই তো Tense-কে ইংরেজি ভাষার মেরুদণ্ড হিসেবে ধরা হয়। ভাষা শিক্ষার্থীরা Tense-কে আয়ত্ত করার জন্যে নিরন্তর পরিশ্রম করে চলে ব্যাপক সময় ধরে। তারপরও দেখা যায় যে, তারা tense-এ আশানুরূপ দক্ষতা অর্জন করতে পারে না। এর কারণ শুধু গতানুগতিক পদ্ধতিতে মুখস্থ করা এবং সহজ ও অভিনব পদ্ধতির অনুসরণ না করা। প্রকৃতার্থে Tense-এর সংজ্ঞা মুখস্থ করে Tense -কে আয়ত্ত করা কঠিন। কথা বলার সময় যদি প্রথমে চিন্তা করে ঠিক করতে হয় যে, কি বলতে হবে তাহলে কথা বলায় জড়তা থেকেই যাবে। মূলত Tense-এর ব্যবহার ভালভাবে জানতে হবে। Tense-কে অনুভূতির সাথে মিশিয়ে নিতে হবে।

এখানে এমন পদ্ধতিতে Tense-কে উপস্থাপন করছি যা মুখস্থ করা ছাড়াই শিক্ষার্থীরা বুঝতে পারবেন এবং আয়ত্ত করে আশানুরূপ ফল পাবেন বলে আমাদের বিশ্বাস।

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

আমরা যা করি তা সময়ের মধ্যেই করি। কাজটা অতীত, বর্তমান বা ভবিষ্যৎ সময়ের সাথে সম্পৃক্ত থাকে। কাজ সংঘটিত হওয়ার যে অতীত, বর্তমান বা ভবিষ্যৎ সময় তা-ই Tense বা কাল। বর্তমান সময়টা Present Tense(বর্তমান কাল), অতীত সময়টা Past Tense (অতীত কাল) এবং ভবিষ্যৎ সময়টা Future tense (ভবিষ্যতকাল)।

এই তিনটি কালে যে ভিন্নতা বা বৈচিত্র্য লক্ষ্য করা যায় তা মূলত Verb এর ভিন্ন ভিন্ন রূপের মধ্যে। বিভিন্ন Tense এ Verb-এর যে বিভিন্ন রূপ হয় তা বাংলায় লক্ষ্য করা যাক।

বর্তমান	অতীত	ভবিষ্যৎ
আমি কাজটি করি। আমি কাজটি করছি। আমি কাজটি করেছি। আমি কাজটি করছি দু'ঘণ্টা ধরে।	আমি কাজটি করেছিলাম। আমি কাজটি করছিলাম।	আমি কাজটি করব। আমি কাজটি করতে থাকব।

উল্লিখিত বাক্যগুলোতে 'আমি কাজটি' এ অংশটা অপরিবর্তিত রয়েছে। শুধু 'কর' শব্দটা পরিবর্তিত হয়েছে এবং তা হয়েছে 'কর' শব্দটার শেষে বর্ণ বা বর্ণগুচ্ছ যুক্ত হয়ে। Tense আয়ত্ত করতে এ শব্দগুচ্ছ ভালভাবে বুঝতে হবে।

উল্লিখিত বাক্যগুলো সূক্ষ্মভাবে বিশ্লেষণ করলে দেখতে পাই যে, ক্রিয়াসমূহের কতকগুলো স্বাভাবিকভাবে ঘটে ; কতগুলো চলমান; একটি ক্রিয়ার কাজ সবেমাত্র শেষ হয়েছে এবং একটির কাজ চলছে তবে এর সাথে সময়ের ব্যাপ্তি জড়িত।

সম্মানিত পাঠকমণ্ডলী, আমরা বিভিন্ন Tense এ ক্রিয়ার যে রূপান্তর হয় তা বাংলায় লক্ষ্য করলাম। বাংলায় যেমন ক্রিয়া রূপান্তরিত হয় তেমন ইংরেজিতেও Verb রূপান্তরিত হয়। চলুন ইংরেজি রূপান্তর লক্ষ্য করি।

আমি কাজটি করি— I do the work.
আমি কাজটি করছি—I am doing the work.
আমি কাজটি করেছি— I have done the work.
আমি একঘণ্টা যাবত কাজটি করছি— I have been doing the work for an hour.
আমি কাজটি করেছিলাম—I did the work.
আমি কাজটি করছিলাম – I was doing the work.
আমি কাজটি করব— I'll do the work.
আমি কাজটি করতে থাকব—I'll be doing the work.

■ **Catch (ধরা) Verb দিয়ে রূপান্তর—**

ধরি— catch.
ধরেছিলাম— caught.
ধরব— will catch.
ধরছি— am catching.
ধরছিলাম— was catching.
ধরেছি— have caught.
এক ঘণ্টা ধরে ধরছি— have been catching for an hour.

facebook.com/tanbir.ebooks

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

■ **Write (লিখা) Verb দিয়ে রূপান্তর ;**

লিখি— write
লিখেছিলাম— wrote.
লিখব—will write.
লিখছি— am writing
লিখছিলাম—was writing.
লিখতে থাকব— will be writing.
লিখেছি—have written.
২০ মিনিট ধরে লিখছি—have been writing for twenty minutes.

স্বাভাবিকভাবে ঘটে, চলমান, সবেমাত্র সংঘটিত হওয়া এবং সময়ের ব্যাপ্তি এ ধারাবাহিকতায় Verb-এর রূপান্তর দেখলাম। চলুন এবার বর্তমান, অতীত এবং ভবিষ্যৎ এ ধারাবাহিকতায় make (তৈরি করা) Verb দিয়ে রূপান্তর লক্ষ্য করি।

Present Tense-এ

তৈরি করি— make.
তৈরি করছি— am making
তৈরি করেছি— have made.
আধা ঘন্টা ধরে তৈরি করছি— have been making for half an hour.

Past Tense-এ

তৈরি করেছিলাম—made.
তৈরি করছিলাম—was making.

FutureTense-এ

তৈরি করব– will make.
তৈরি করতে থাকব — will be making.

চলুন, এবার স্বাভাবিকভাবে ঘটা, চলমান, এই মাত্র শেষ হওয়া এবং সময়ের ব্যাপ্তি জড়িত ক্রিয়াগুলোকে আলাদাভাবে লক্ষ্য করি,

■ **স্বাভাবিকভাবে ঘটে এরকম verb তিনটি;**

করি— do.
করেছিলাম—did.
করব— will do.

ঘটমান অবস্থার verb তিনটি

করছি— am doing.
করছিলাম— was doing.
করতে থাকব— will be doing.

সবেমাত্র শেষ হয়েছে–

করেছি— have done.

ঘটমান + সময়ের ব্যাপ্তি— আমি করছি– থেকে/ধরে–

have been doing since/for .....

অতএব দেখা যাচ্ছে Verb জানা থাকলে বর্তমানের এইমাত্র সংঘটিত হওয়া কাজ এবং অতীতে স্বাভাবিকভাবে ঘটমান কাজ এ দু'অবস্থায় Verb কে শুধু নতুন করে মুখস্থ করতে হয়। আর বাকিগুলোতে Verb এর শেষে শুধু ing যোগ করতে হয় এবং এর আগে কতকগুলো শব্দ ব্যবহার করতে হয় যা সব সময় একই থাকে।

facebook.com/tanbir.ebooks

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

■ **Eat (খাওয়া) Verb দিয়ে রূপান্তরটি লক্ষ্য করুন,**
সাধারণভাবে ঘটা অর্থে—
খাই— eat.
খেয়েছিলাম— ate.
খাব— will eat.

চলমান অর্থে ;
খাচ্ছি— am eating.
খাচ্ছিলাম— was eating.
খেতে থাকব—will be eating.

সবেমাত্র শেষ হয়েছে অর্থে —
খেয়েছি—have eaten.
সময়ের ব্যাপ্তি অর্থে —
দশ মিনিট ধরে খাচ্ছি—have been eating for ten minutes.

এবার read verb দিয়ে ;
পড়ি— read.
পড়ছি— am reading.
পড়েছি— have read (রেড)।
দু'ঘন্টা ধরে পড়ছি— have been reading for two hours.
পড়েছিলাম— read. (রেড)।
পড়ছিলাম— was reading.
পড়ব— will read.
পড়তে থাকব— will be reading.

সম্মানিত পাঠকমণ্ডলী, আমরা I (আমি) subject দিয়ে verb এর রূপান্তর দেখলাম। চলুন, এবার অন্যান্য subject এর ক্ষেত্রে verb এর রূপান্তর দেখি।

You— (তুমি) subject এর ক্ষেত্রে
তুমি মাছ ধর—You catch fish.
তুমি মাছ ধরছ— You're catching fish.
তুমি মাছ ধরেছ— You've caught fish.
তুমি এক ঘন্টা ধরে মাছ ধরছ— You've been catching fish for an hour.
তুমি মাছ ধরেছিলে— You caught fish.
তুমি মাছ ধরছিলে— You're catching fish. ('re= were)
তুমি মাছ ধরবে— You'll catch fish.
তুমি মাছ ধরতে থাকবে— You'll be catching fish.

অতএব, আমরা দেখলাম you এর ক্ষেত্রে স্বাভাবিকভাবে ঘটে এ অবস্থায় Verb এর কোন পরিবর্তন হচ্ছে না। তবে চলমান অবস্থায় একটি পরিবর্তন দেখলাম। তা হল Verb-এর আগে বর্তমানে চলমান অবস্থায় am এর জায়গায় are এবং অতীতে চলমান অবস্থায় was এর স্থলে were হয়েছে।

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

They (তারা) এবং We (আমরা) Subject হলেও রূপান্তরটি you-এর রূপান্তরের মত হবে। চলুন They (তারা) এর সাথে play (খেলা করা) verbটির রূপান্তর দেখি ;

তারা খেলে—They play.
তারা খেলছে— They're playing. ('re = are)
তারা খেলেছে— They've played. ('ve = have)
তারা ২ ঘন্টা ধরে খেলছে— They've been playing for two hours.
তারা খেলেছিল— They played.
তারা খেলছিল— They're playing. ('re = were)
তারা খেলবে— They'll play.
তারা খেলতে থাকবে— They'll be playing.

He (সে) Subject-এর ক্ষেত্রে রূপান্তরটি লক্ষ্য করুন —

সে সাঁতার কাটে — He swims.
সে সাঁতার কাটছে— He's swimming.
সে সাঁতার কেটেছে— He has swum.
সে দশ মিনিট ধরে সাঁতার কাটছে— He has been swimming for ten minutes.
সে সাঁতার কেটেছিল— He swam.
সে সাঁতার কাটছিল— He was swimming.
সে সাঁতার কাটবে—He 'll swim.
সে সাঁতার কাটতে থাকবে—He'll be swiming.

He এর ক্ষেত্রে রূপান্তরে আমরা যে পরিবর্তনটি দেখলাম। আর তা হল,

স্বাভাবিকভাবে বর্তমানে ঘটে এরকম verb এর সাথে s যোগ হয়েছে। কখনো কখনো verb এর সাথে es যোগ করতে হয়। আর ঘটমান বা চলমান অবস্থায় বর্তমানের বেলায় verb এর আগে is এবং অতীতের চলমানের বেলায় verb এর আগে was হয়েছে। আর সবেমাত্র সংঘটিত কাজের বেলায় verb এর আগে has হয়েছে।

She সে, তিনি (মহিলার বেলায়) it (এটা) বা অন্য কোন ব্যক্তি যেমন— দানেশ, সোমা ইত্যাদি Subject হলেও রূপান্তরের বেলায় he এর নিয়ম প্রযোজ্য হবে।

এতক্ষণ আমরা বিভিন্ন subject এ verb এর রূপান্তর দেখলাম। চলুন এবার verb-এর কোন রূপটিকে ইংরেজিতে কোন Tense বলা হয় তা লক্ষ্য করি।

ক্রিয়া	Symbol	Tense
করি, কর, করিস, করে, করেন —	ই, অ, ইস, এ, এন	Present Indefinite
করছি, করছ, করছিস, করছে, করছেন–	ছি, ছ, ছিস, ছে, ছেন	Present continuous
করেছি, করেছ, করেছিস, করেছে, করেছেন–	এছি, এছ, এছিস, এছে, এছেন	Present Perfect
করছি, করছ, করছিস, করছে, করছেন + সময়ের ব্যাপ্তি–	ছি, ছ, ছিস, ছে, ছেন + সময়ের ব্যাপ্তি	Present Perfect continuous.

Fb: www.facebook.com/tanbir.cox Web🌎:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

ক্রিয়া	Symbol	Tense
করেছিলাম, করেছিল, করেছিলে, করেছিলেন–	এছিলাম, এছিলে, এছিল, এছিলেন	Past Indefinite
করছিলা, করছিলে, করছিল, করছিলেন–	ছিলাম, ছিলে, ছিল, ছিলেন	Past continuous
করব, করবে—	ব, বে	Future Indefinite
করতে থাকবে, করতে থাকব —	তে থাকব, তে, থাকবে	Future continuous

পাঠকমণ্ডলী, আপনারা এতক্ষণে বিভিন্ন প্রকার tense এর ধারণা পেয়েছেন। এবার প্রত্যেকটা tense এর আলাদা আলাদা আলোচনা করছি যাতে tense সম্পর্কে কোন জড়তা না থাকে।

Present Indefinite/Simple Tense

বর্তমানে স্বাভাবিকভাবে কোন কাজ হয় বা চলে এরূপ বুঝালে Present Indefinite Tense হয়। এ Tense এর Structue টি হল ;

■ **Subject + Verb এর base form + ...**

সংক্ষেপে এভাবে মনে রাখতে পারেন ;

You (do) তুমি কর।

এ পদ্ধতিতে you দিয়ে subject এবং do দিয়ে Verb বুঝাবে, যে দুটি সব সময় পরিবর্তনযোগ্য। বিভিন্ন ধরনের ভাব প্রকাশ করতে You Subject change করে অন্য একটি উপযুক্ত Subject এবং verb (do) এর স্থলে একটি উপযুক্ত verb বসাতে হবে।

যেমন– আমি একটি অফিসে কাজ করি। এর ইংরেজি হবে; I work at a offlce.

এ বাংলা বাক্যে যেহেতু subject 'আমি' তাই (you)-এর স্থলে I হয়েছে এবং Verb যেহেতু (কাজ করা) তাই (do) এর জায়গায় work হয়েছে।

■ **চলুন এবার কিছু উদাহরণ লক্ষ্য করি;**

সে প্রত্যহ কুরআন শরীফ পড়ে। — He reads the holy Quran everyday.

সাব্বির সর্বদা সত্য কথা বলে। — Sabbir always speaks the truth.

সূর্য পূর্ব দিকে ওঠে। — The sun rises in the east.

তারা প্রত্যহ পাঁচ ওয়াক্ত নামায পড়ে। — They say prayer five times everyday.

মুসলমানরা নামায পড়তে মসজিদে যায়। — The Muslims go to mosque to say prayer.

সোহাগ প্রায়ই এখানে আসে। — Shohag often comes here.

facebook.com/tanbir.ebooks

Fb: www.facebook.com/tanbir.cox Web🌎:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

■ **[Do not সংক্ষেপে Don't (ডৌন্ট) এবং Does not সংক্ষেপে Doesn't (ডাজ্‌ন্ট) হয়]**

এ Tense এ negative কোন ভাব প্রকাশ করতে চাইলে, যেমন– আমি কলেজে যাই না। তুহিন সজীবের সাথে কথা বলে না। — এ রকম ভাব প্রকাশ করতে চাইলে নিম্নোক্ত Structure টি অনুসরণ করতে হবে।

■ **Subject + don't/doesn't + verb এর base form + ...**

তুহিন সজীবের সাথে কথা বলে না। — Tuhin doesn't speak to Sojeeb.

আমি কলেজে যাই না। — I don't go to college.

তানযীম বাজারে যেতে পছন্দ করে না। — Tanzeem doesn't like to go to market.

তারা নদীতে সাঁতার কাটতে চায় না। — They don't want to swim in the river.

মনিরা সাঁতার কাটতে জানে না। — Monira doesn't know how to swim.

Note : *subject 3rd person singular number হলে, অর্থাৎ, he, she, it বা কোন ব্যক্তি বা জিনিসের নাম হলে affirmative sentence এ verb এর সাথে s বা es এবং negative sentence এ doesn't হবে। Verb এর শেষে, ss, sh, ch, s এবং o থাকলে Verb এর শেষে es যোগ হয়।*

■ বৈজ্ঞানিক সত্য, চিরসত্য কোন কিছু বুঝালে Present Indefinite Tense ব্যবহার করতে হবে।

■ কোন বাক্যে, always, often, sometimes, usually, occasionally, never, on Sunday বা everyday শব্দগুলো থাকলে Present Indefinite Tense হয়।

Present Continuous/Progressive

বর্তমানে কোন কাজ চলছে বুঝাতে Present Continuous Tense হয়। যেমন, আমি বই পড়ছি। তোমরা বল খেলছ। তুমি স্কুলে যাচ্ছ না। — এ ধরনের ভাব থাকবে।

এ Tense এর Structureটি হবে;

Subject + am/is/are + verb + ing + ...

Form : (you) are (doing) তুমি (করছ)। যেমন,

আমি বই পড়ছি। — I'm reading a book.

Negative Sentence-এ-এই জাতীয় বাক্যের Structure হবে।

Sub + isn't/aren't + verb ing + ...

Form : You aren't (doing)—তুমি (করছ) না।

যেমন, তোমরা স্কুলে যাচ্ছ না। — You aren't going to school.

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

বিভিন্ন Person এর সাথে Am, Is, Are এর ব্যবহার

I	এর সাথে	am	সংক্ষেপে	I'm	উচ্চারণ	[আইম্]
We	"	are	"	we're	"	[ওইয়া(র)]
You	"	are	"	you're	"	[ইউয়া(র)]
He	"	is	"	He's	"	[হিজ]
She	"	is	"	She's	"	[শীজ]
They	"	are	"	They're	"	[দেয়া(র)]
It	"	is	"	It's	"	ইট্স্
Rahim	"	is	"	Rahim's	"	রহিম'স্

Is এবং Are এর সাথে Not এর ব্যবহার

Is not	সংক্ষেপে	Isn't	উচ্চারণ	ইজ্ন্ট
Are not	"	Aren't	"	আ-ন্ট

আরো কিছু উদাহরণ লক্ষ্য করা যাক ঃ

Example

সালমা একটি উপন্যাস পড়ছে। — Salma is reading a novel.
শরিফুল এখন TV. দেখছে। — Shariful is watching TV. now.
তারা এখন লিখছে না। — They aren't writing now.
এই মুহূর্তে তারা নদীতে সাঁতার কাটছে না। — They aren't swimming in the river at the moment.
সাগর এখন নামায পড়ছে। — Now Sagor's saying prayer.

Note : *কাজের চলমানতা বুঝাতে Present continuous বা Progressive form এ now, at the moment, currently ইত্যাদি শব্দগুলো প্রায়ই ব্যবহৃত হয়।*

Present Perfect Tense

এইমাত্র কোন কাজ শেষ হয়েছে কিন্তু ফল এখনও বর্তমান যেমন, "আমি তাকে দেখেছি। সে ভাত খেয়েছে। তুমি নামায পড়নি।" এরূপ অর্থ প্রকাশ করতে Present Perfect Tense হয়।

এ Tense-এর Structure টি হল নিম্নরূপ–

■ **Subject + have / has + verb এর Past Participle + ...**

Form : You've (done)—তুমি (করেছ)।
সে নামায পড়েছে। — He has said his prayer.
আর Negative-এর Structure টি হবে ;

■ **Subject + haven't/hasn't+ verb এর Past Participle + ...**

Form : You haven't (done)— তুমি (কর) নি। যেমন –
তুমি নামায পড়নি। — You haven't said prayer.

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

আসুন আরো কিছু **Example** লক্ষ্য করি ঃ

সে এখনো ভাত খাইনি। — He hasn't had his meal yet.

মাহবুব কবিতাটি মুখস্থ করেছে। — Mahbub has got the poem by heart.

মোখলেছ এই মাত্র ভাত খেয়েছে। — Mokhles has just eaten rice.

তারা ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ে গিয়েছে।— They've already gone to University.

Note : *বাক্যে Just (এইমাত্র) already (ইতোমধ্যে) yet (এখনও) থাকলে Present Perfect Tense হয়।*

■ Just এবং already এ দুটি have/has এর পরপরই হয়।

■ Yet শব্দটি question এবং negative-এ ব্যবহৃত হয় এবং বাক্যের শেষে ব্যবহৃত হয়।

*বিভিন্ন **Person** এর সাথে **Have/Has** এর ব্যবহার*

I	এর সাথে	have	সংক্ষেপে	I've	উচ্চারণ	আইভ্
We	"	have	"	we've	"	উঈভ্
You	"	have	"	you've	"	ইউভ্
He	"	has	"	He's	"	হিজ
She	"	has	"	She's	"	শীজ
They	"	have	"	They've	"	দেইভ্
It	"	has	"	It's	"	ইট্স্
Shohag	"	has	"	Shohag's	"	সোহাগ্স্

Have এবং Has এর সাথে Not এর ব্যবহার

Have not	সংক্ষেপে	Haven't	উচ্চারণ	হ্যাভন্ট
Has not	"	Hasn't	"	হ্যাজন্ট

Present Perfect Continuous or Progressive Tense

অতীতে শুরু হয়ে বর্তমান সময় পর্যন্ত চলছে; যেমন— আমি এক ঘণ্টা ধরে পড়ছি। তুমি একমাস ধরে আমার সাথে আলাপ করছ না। – এ ধরনের কাজ বুঝাতে Present Perfect Continuous / Progressive Tense হয়।

এ ধরনের ভাব প্রকাশ করতে affirmative এ structure টি হবে ;

■ **Subject+have been/has been+verb + ing + for/ since...**

■ **Form : You've been (doing) for/since ..... .**

তুমি.....ধরে/যাবত (করছ)।

আর negative এ Structure টি হবে

■ **Sub+ haven't been/hasn't been+verb + ing + for/ sinee.**

■ **Form : You haven't been (doing) for/since..... .**

তুমি..... ধরে/যাবত (করছ) না

আসুন, এবার আরো কিছু উদাহরণ লক্ষ্য করি,

সাদ্দাম চার ঘণ্টা যাবৎ ঘুমাচ্ছে।

Saddam has been sleeping for four hours.

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

আমরা ১৯৯৯ সাল থেকে এই স্কুলে পড়ছি।
We've been reading in this school since 1999.
শহীদ গত দুই বছর ধরে আমার সাথে কথা বলছে না।
Shaheed hasn't been talking to me for last two years.
মেহেদী গত রবিবার থেকে টিভি দেখছে না।
Mehedy hasn't been watching TV. sinee Sunday last.
সাইদুর গত বুধবার থেকে জ্বরে ভুগছে।
Saidur has been suffering from fever since Wednesday last.
আমরা এখানে দশ বছর যাবত বাস করছি।
We 've been living here for ten years.

Past Indefinite /Simple

অতীতে কোন কাজ সংঘটিত হয়ে শেষ হয়েছিল কিন্তু এর ফল আর বিদ্যমান নেই যেমন —

আমি গতকাল স্কুলে গিয়েছিলাম। পুলিশ নদীতে মরদেহ পেয়েছিল। তুমি পার্কে যাওনি।—এরূপ বুঝালে Past Simple Tense হয়।

হ্যাঁ বোধক (affirmative)এ- এর Structure-টি হবে—

■ **Subject + verb এর Past form +** ..... .

Form : You (did)—তুমি (করেছিলে)।

আমি গতকাল স্কুলে গিয়েছিলাম। — I went to school yesterday.

আর না বোধক (Negative) এর Structure :

■ **Subject + didn't + main verb**..... .

■ **Form : you didn't (do).** তুমি (কর)নি।

আসুন এবার কিছু Example লক্ষ্য করি

পুলিশ নদীতে মরদেহ পেয়েছিল। — Police got the dead body in the river.

হাসান গতকাল পার্কে যায়নি। — Hassan didn't go to park yesterday.

মুহসীনা গতকাল বাড়ি এসেছিল। — Muhsina came home yesterday.

মাসুমা আমটি খেয়েছিল। — Masuma ate the mango.

আমরা গত রাতে বাজারে গিয়েছিলাম। — We went to market last night.

মুজিদ গত পরশু আমার সাথে দেখা করেনি। — Muzid didn't meet me the day before yesterday.

■ [**did not** সংক্ষেপে **didn't** (ডিডন্ট) হয়।]

Note : *Past simple -এ, অতীতের কাজ বুঝায়। তাই এ Tense এর বাক্যে last night, yesterday, in 1995, a few days ago ইত্যাদি word বা Phrase-গুলো প্রায়ই ব্যবহৃত হয়।*

FreeBook.com/tanbir.ebooks

Fb: www.facebook.com/tanbir.cox Web🌎:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Past Continuous/Progressive

অতীতে কোন কাজ হচ্ছিল বা চলছিল যেমন— "আমি বই পড়ছিলাম। বালকেরা মাঠে খেলছিল। তারা বাজারে যাচ্ছিল না।" এরূপ বুঝাতে, Past Continuous Tense হয়।

Affirmative-এ এই প্রকার Tense এর Structure নিম্নরূপ–

■ **Structure : Subject + was/were + verb + ing + ...**
■ **Form : You were (doing)**— তুমি (করছিলে)।

আমি বই পড়ছিলাম। — I was reading a book.

আর না সূচক (Negative) অর্থ প্রকাশ করতে হলে নিম্নোক্ত Structure টি follow করতে হবে।

Subject + wasn't / weren't + verb + ing + ...
Form : You weren't (doing). — তুমি (করছিলে) না। যেমন,
তারা বাজারে যাচ্ছিল না। — They weren't going to the market.

বিভিন্ন Person এর সাথে was এবং Were এর ব্যবহার

I	এর সাথে	was	সংক্ষেপে	I's	উচ্চারণ	[আইজ]
We	"	were	"	we're	"	উইয়্যা(র)
You	"	were	"	you're	"	ইউয়া(র)
He	"	was	"	He's	"	(হি'জ)
She	"	was	"	She's	"	(শী'জ)
They	"	were	"	They're	"	দেইয়া(র)
Sabbir	"	Was	"	Sabbir's	"	সাব্বিরস্

Was এবং Were এর সাথে Not এর ব্যবহার

Was not	এর সাথে	wasn't	উচ্চারণ	(ওঅজন্ট)
Were not	"	weren't	"	(ওয়া-ন্ট)

আসুন এবার কিছু উদাহরণ লক্ষ্য করি ঃ

বালকেরা মাঠে খেলা করছিল। — The boys were playing in the field.

তখন বাবু চারা গাছে পানি দিচ্ছিল। — Then Babu was watering the plant.

নেভিন ঘরে ঘুমাচ্ছিল না। — Navin wasn't sleeping in the room.

তারা তখন নদীতে সাঁতার কাটছিল না।
They weren't swimming in the river at that moment.

আমি তখন খাচ্ছিলাম। — I was eating then.

সুমন তখন একটি চিঠি লিখছিল। — Sumon was writing a letter at that time.

facebook.com/tanbir.ebooks

Fb: www.facebook.com/tanbir.cox Web🌎:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Future Indefinite/Simple

ভবিষ্যতে কোন কাজ সংঘটিত হবে; যেমন— আমি মসজিদে যাব। তুমি নদীতে যাবে না। এ ধরনের ভাব প্রকাশ করলে Future Indefinite tense হয়। এ tense এ হ্যাঁ বোধক কোন ভাব প্রকাশ করতে Structure টি হবে,

■ **Subject + will + verb এর base form + ...**.

■ **Form : You'll (do)**— তুমি (করবে)। **['ll = will]**

আমি মসজিদে যাব। → I'll go to the Mosque.

আর না বোধক ভাব প্রকাশ করতে যে নিয়মটি অনুসরণ করতে হবে তা হল;

■ **Subject + Won't + verb এর base form + ...**.

■ **Form : you won't (do).** — তুমি (করবে) না।

তুমি নদীতে যাবে না। — You won't go to the river.

আসুন এবার আরো কিছু উদাহরণ লক্ষ্য করি;

আমি আগামীকাল তার সাথে দেখা করব। — I'll meet him tomorrow. (এখানে 'll = will)

আমরা এখানে থাকব না। — We won't remain here.

তিনি আগামী সপ্তাহে এখানে এসে পৌছাবেন। — He'll arrive here next week.

সে আমার কথা বিশ্বাস করবে না। — He won't believe me.

আমি আগামী মাসে গ্রামের বাড়ি যাব। — I'll go to village home next month.

হেনা আগামী পরশু বিশ্ববিদ্যালয় যাবে না।

Hena won't go to the University the day after tomorrow

বিভিন্ন Person এর সাথে Shall/will এর ব্যবহার

I	এর সাথে	Shall	সংক্ষেপে	I'll	উচ্চারণ	(আইল্)
We	"	Will	"	We'll	"	(ওঈল্)
You	"	Will	"	you'll	"	(ইউ'ল)
He	"	Will	"	He'll	"	(হি'ল)
She	"	Will	"	She'll	"	(শী'ল)
They	"	Will	"	They'll	"	(দেইয়্যল)
It	"	Will	"	It'll	"	(ইট্ল্)
Karim	"	Will	"	Karim'll	"	(করিমল)

Shall এবং Will এর সাথে Not এর ব্যবহার

Shall not	সংক্ষেপে	Shan't	উচ্চারণ	(শা-ন্ট)
Will not	"	Won't	"	(ঔন্ট)

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Future Continuous/Progressive

ভবিষ্যতে কোন কাজ চলতে থাকবে যেমন; আমি ভাত খেতে থাকব। রাসেল গফরগাঁও যেতে থাকবে না। —এ ধরনের অর্থ প্রকাশ করতে Future Continuous Tense হয়।

Affirmative Sentence-এ এই প্রকার tense-এর Structureটি হবে;

■ **Subject + will be + verb + ing + ...**

■ **Form :** You'll be (doing) — তুমি (করতে) থাকবে। যেমন—
আমি ভাত খেতে থাকব। — I'll be eating rice.

আর Negative Sentence-এ নিম্নোক্ত নিয়মটি অনুসরণ করতে হবে ;

■ **Subject + will not be + verb + ing + ...**

■ **Form : You won't be (doing).** — তুমি (করতে) থাকবে না।[won't = will not]

রাসেল গফরগাঁও যেতে থাকবে না। — Rasel won't be going to Gafargaon

আসুন এবার আরো কিছু Example (উদাহরণ) লক্ষ্য করি ;

আমি আগামীকাল এ সময়ে একটি পরীক্ষা দিতে থাকব।
I'll be taking part in an examination this time tomorrow.
সে কানাডায় তার বড় ভাইয়ের সাথে অবস্থান করতে থাকবে।
He'll be staying with his elder brother in Canada.
আমরা তখন পড়তে থাকব না। — We won't be reading then.
তারা তখন খেলতে থাকবে না। — They won't be playing then.
আমরা ঐ সময়ে বাড়ি যেতে থাকব। — We'll be going home at that moment.

সম্মানিত পাঠক মণ্ডলী আসুন আমরা নিম্নলিখিত একটি ছকের মাধ্যমে Tenseগুলোকে মনে রাখার চেষ্টা করি।

Tesne	Present	Past	Future
Indefinite	S + (do). [s = subject. do = verb এর Present form]	S+(did). [did =verb-এর past form]	S + shall/will + do
Continuous	S + am/is/are +মূল verb + ing	S+was/ were +মূল verb+ ing	S+shall be/ will be+মূলverb+ ing
Perfect	S + have/has + verb-এর (P.P.) Past Participle.	S+had+ verb এর(P.P.) Past Participle.	S+shall have/ will have + verb-এর (P.P.) Past Participle.
Perfect continuous	S + have been/has been + মূল verb + ing + for/since.....	S + had been + মূল verb + ing + for/since... .	S+shall have been/will have been+মূল verb +ing+for/since.. .

Fb: www.facebook.com/tanbir.cox Web🌎:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Self check (নিজেকে যাচাই করুন)

(ক) জাহিদ লামিয়াকে ভালবাসে। (খ) সে ভালভাবে পড়ালেখা করে না। (গ) রিনা আগামী কাল ঢাকা যাচ্ছে। (ঘ) আমি তখন মাছ ধরতে থাকব। (ঙ) জামিলা প্রত্যহ পাঁচ ওয়াক্ত নামায পড়ে। (চ) আমার ভাই আমাকে মিষ্টি খাওয়াল। (ছ) পাপিয়া আমাকে অত্যন্ত ভালবাসে। (জ) আমি অথেনটিক কোচিং সেন্টারে ভালভাবে স্পোকেন ইংলিশ শেখার জন্য ভর্তি হব। (ঝ) সুমা পলাশের প্রস্তাবকে প্রত্যাখ্যান করেছে। (ঞ) মুস্তাক এখনও বিয়ে করেনি। (ট) নূরজাহান আবিদকে আদর করছিল। (ঠ) আইরিন আমার সাথে কথা বলে না। (ড) আমি আবিদকে আইসক্রীম কিনে দেব। (ঢ) হিমু স্যার ইংরেজিতে দ্বিতীয় শ্রেণীতে প্রথম হয়েছে। (ণ) আমি আমার আব্বা, জিয়াদ সাহেবের সাথে কথা বলতে থাকব। (ত) সাব্বির ১৯৯৫ সাল থেকে খলিল নগর স্কুলে পড়ছে। (থ) আমি তোমাকে জ্বালাতন করছি না। (দ) আমি তোমাদের বাড়ি যাব না। (ন) আমি একটানা খেতে থাকব না। (প) আলতাফ সাহেব গতকাল আমাকে ফোন করেনি। (ফ) শান্তা এখনও ভাত খায়নি।

Self -check-এর Answer :

Tense

(ক) Zahid loves Lamia. (খ) She doesn't study well. (গ) Rina is going to Dhaka tomorrow. (ঘ) I will be fishing then. (ঙ) Zamila says her prayer five times everyday. (চ) My brother entertained me with sweet. (ছ) Papia loves me very much. (জ) Iwill get myself admitted into Authentic Coaching Center for learning Spoken English well. (ঝ) Suma has refused Palas's proposal. (ঞ) Mustaq hasn't got married yet. (ট) Noorjahan was fondling Abid. (ঠ) Irin doesn't talk to me. (ড) Buying an icecream, I will give it to Abid (ঢ) Himu sir has stood second class first in English. (ণ) I will be talking to my father, Mr Ziad (ত) Sabbir has been reading in Khalilnagar School since 1995 (থ) I am not irritating you. (দ) I won't go your home. (ধ) I won't be eating at a stretch. (প) Mr. Altaf didn't phone me last day. (ফ) Santa hasn't eaten rice yet?

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

CHAPTER TWO
THE USE OF 'TO BE' VERBS

এ অধ্যায়ের আলোচ্য বিষয় ঃ

সব ধরনের বাংলা বাক্যে ক্রিয়া থাকে না। যেমন— রাজীব একজন ছাত্র। মিজান এখন বাংলাবাজারে।— এ ধরনের ভাবকে সাবলীলভাবে প্রকাশ করার কৌশল।

The Use of 'To Be' Verbs
('To Be' Verb এর ব্যবহার)

আমরা Tense-এর Chapter এ সেসব বাক্যের ইংরেজি করা শিখলাম যে সব বাংলা বাক্যে কোন না কোন ক্রিয়া ছিল। যেমন– আমি ইংরেজি শিখি। তুমি মাছ ধরেছিলে। কিন্তু এমনও বাক্যে মনোভাব প্রকাশ করতে হয়, যে সব বাংলা বাক্যে ক্রিয়া থাকে না। যেমন– রহমান একজন ব্যবসায়ী। ছানাউল্লাহ্ একজন সৎলোক। এভাবে যেসব বাংলা বাক্যে ক্রিয়া থাকে না সে সব বাক্যকে ইংরেজি করতে to be verb কে মূল verb হিসেবে ব্যবহার করতে হয়।

ইংরেজিতে To be verb ৬টি। এগুলো হচ্ছে— be, am, is, are, was, were. এগুলোর মধ্যে am, is, are-এ তিনটি present tense এ এবং was ও were এ দু'টি past tense এ ব্যবহৃত হয়। আসুন এখন এদের ব্যবহার লক্ষ্য করা যাক;

'To Be' Verb in Present Tense
(বর্তমান কালে 'To Be' Verbs)

বাংলা বাক্যে যদি ক্রিয়া না থাকে এবং বাক্যটি যদি বর্তমান অবস্থা বুঝায় তবে সেসব বাক্যের ইংরেজি করতে am, is, are ব্যবহৃত হয়।

এক্ষেত্রে নিম্নের Structure টি অনুসরণ করা যায়;

■ **Subject + am/is/are + noun/adjective.**

আসুন এবার কিছু উদাহরণ লক্ষ্য করি

আমি একজন ছাত্র। — I'm a student. (I'm = I am)
রাসেল আমার ভাই। — Rasel is my brother.
তারা কলেজে। — They are at college.
মেয়েটি দেখতে খুব সুন্দরী। — The girl is very beautful to look at.
তারা এখন বাজারে। — Now they are in the market.
নাসিমা এখন স্কুলে। — Nasima is in the school now.
আমি এখন উভয় সংকটে।— Now I am in the horns of a dilemma.
এই বাড়িটি পুরাতন।— This house is old.
আমার বড় চাচা এখন মৃত। — My elder uncle is dead now.
তোমার বইগুলো নতুন। — Your books are new.

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

সোহেল অসুস্থ। — Sohel is ill/sick.
শাহীন আজ ক্লান্ত। —Shaheen is tired today.
আমরা বন্ধু। — We are friends.
আমটি পাকা। — The mango is ripe.

আর এ ধরনের বাক্য প্রশ্ন বোধক (Interrogative) হলে যেমন– এই বাড়িটি কি পুরাতন? সোহেল কি অসুস্থ? তখন শুধু auxiliary verb টি Subject এর আগে বসাতে হবে। সুতরাং structure টি হবে— Am/is/are + sub + noun/adjcetive? যেমন –

এই বাড়িটি কি পুরাতন? — Is this building old?
সোহেল কি অসুস্থ? — Is Shohel ill?
তারা কি আজ ক্লান্ত? — Are they tired today?
আমটি কি পাকা?— Is the mango ripe?
আমি কি খারাপ ছাত্র? — Am I a bad student?

■ ক্রিয়াহীন বাংলা বাক্য যদি negative (না বোধক) হয় অর্থাৎ বাংলা বাক্যে যদি নই, নও, নয়, নন ইত্যাদি থাকে তবে am, is, are এর সাথে n't যোগ করতে হয়। তখন Structure টি হবে;

■ **Subject + am/is/are + n't + noun/ adjective.**

আসুন এবার কিছু উদাহরণ লক্ষ্য করা যাক;
আমি ব্যবসায়ী নই। — I'm not a businessman.
[am এর সাথে n't যুক্ত হয় না বরং I এর সাথে am যুক্ত হয়ে I'm হয়। তাই I'm not হবে। I amn't হবে না।]
শহিদুল মেধাবী নয়। — Shahidul isn't meritorious.
শাহানারা কঠোর পরিশ্রমী নয়। — Shahanara isn't hard industrious.
তারা সভ্য জাতি নয়। — They arent a civilized nation.
আমরা সাহসী জাতি নই। — We aren't a brave nation.
সে অবাধ্য নয়। — He isn't disobedient.
আমি ছাত্র নই। — I'm not a student.

আর এ ধরনের Negative (না বোধক) বাক্য প্রশ্নবোধক (Interrogative) হলে not সহ auxiliary verb (Am/is/are) Subject-এর আগে বসবে। তখন structure টি হবে নিম্নোরূপ :

■ **Isn't/aren't + Sub + noun/adjective + ?**

যেমন–

সোহেল কি অসুস্থ নয়? — Isn't Shohel ill?
নুর আহমাদ কি মুস্তাকের বন্ধু নয়? — Isn't Noor Ahmad Mustak's friend?
মিজান কি দুষ্ট নয়? — Isn't Mizan wicked?
আমরা কি ভাল লেখক নই? — Aren't we good writers?
তারা কি ইংরেজিতে কাঁচা নয়? — Anen't they weak in English?

Fb: www.facebook.com/tanbir.cox Web🌎:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

■ ক্রিয়াহীন বাংলা বাক্যের কাজটি যদি অতীত থেকে শুরু হয়ে বর্তমান সময় পর্যন্ত চলছে বুঝায়, তবে Subject এর পরে have been বা has been ব্যবহৃত হবে।

যেমন–

মিনহাজ দু'দিন যাবত অসুস্থ। — Minhaz has been ill for two days.

সাথী সোমবার থেকে অনুপস্থিত।— Sathee has been absent since Monday.

বাড়িটি তিন বছর যাবৎ তালাবদ্ধ। — The house has been locked for three years.

এই দোকানটি তিনদিন যাবৎ বন্ধ। — This shop has been closed for three days.

আমাদের মাদ্‌রাসা গত সোমবার হতে খোলা।

Our Madrasha has been opened since Monday last.

Note : *সময়ের পরিমাণ উল্লেখ থাকলে ধরে/ যাবত এর ইংরেজি for হয়। আর যদি নির্দিষ্ট দিন তারিখ বা মাস হতে কোন কাজ চলছে বুঝায় তখন 'হতে'-এর ইংরেজি since হয়।*

তিন মাস যাবত— For three months.

পাঁচ বছর ধরে— For five years.

সকাল হতে— Since morning.

২০০০ সাল থেকে — Since 2000.

রবিবার হতে — Since Sunday.

দুই দিন যাবৎ — For two days.

'To Be' Verbs in Past Tense
(অতীতকালে To Be Verbs)

■ ক্রিয়াহীন বাংলা বাক্য যদি অতীত অবস্থা বুঝায় তবে তার ইংরেজি করতে was/were মূল Verb হিসেবে ব্যবহৃত হয়। এ অবস্থায় বাংলা বাক্যে ছিলাম, ছিলে, ছিলেন, ছিল থাকে। এক্ষেত্রে Structure টি হবে নিম্নরূপ–

■ **Subject+ was /were + noun /adjective ..... .**

কিছু উদাহরণ :

আমি ব্যবসায়ী ছিলাম। — I was a businessman.

আমার পিতা একজন শিক্ষক ছিলেন। — My father was a teacher.

আমরা কঠোর পরিশ্রমী ছিলাম। — We were hard working.

তারা সবাই ধার্মিক ছিল। — They all were pious/religious.

এম. পি. আবদুল খালেক আমাদের নেতা ছিলেন। — M.P. Abdul Khaleq was our leader.

আজিজ আমার চাচাত ভাই ছিল। — Aziz was my cousin.

আমার মাতা মোমেনা একজন গৃহিনী ছিলেন। — My mother, Momena was a house wife.

facebook.com/tanbir.ebooks

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

তোমরা তখন ছাত্র ছিলে। — Then you were students.

জিয়াদ সাহেবের মেয়ে, মনিরা অত্যন্ত মেধাবী ছাত্রী ছিল। — Monira, the daughter of Mr. Ziad, was a very meritorious student.

Or, Mr Ziad's daughter, Monira was a very meritorious student.

■ ক্রিয়াহীন বাংলা বাক্য যদি অতীতে negative (না-বোধক) হয় অর্থাৎ বাংলা বাক্যে যদি ছিলাম না, ছিলে না, ছিল না ইত্যাদি থাকে তবে was বা were এর সাথে n't যোগ করতে হয়। অর্থাৎ

■ **"Subject+wasn't/weren't+noun/adjective. ..... "structure** টি অনুসরণ করতে হয়।

উদাহরণ ঃ

নদীটি গভীর ছিল না। — The river wasn't deep.

আমরা ক্লাসে উপস্থিত ছিলাম না। — We weren't present in the class.

আমি মিটিং এ অনুপস্থিত ছিলাম না। — I wasn't absent from the meeting.

দিলু নিষ্ঠুর বালিকা ছিল না। — Dilu wasn't a cruel girl.

কাথণ্ডা মাদরাসা কোন দিক থেকে খারাপ ছিল না। — Kathanda Madrasha wasn't bad from any side.

নাসিমা বেয়াদব ছিল না। — Nasima wasn't rascal.

তারা সুখী ছিল না। — They weren't happy.

আমরা তখন ক্ষুধার্থ ছিলাম না। — We weren't hungry then.

তার পিতা বিখ্যাত লোক ছিল না। — His father wasn't a famous man.

আর এ ধরনের বাক্যে 'কখনো' শব্দটা উল্লেখ থাকলে, নিম্নোক্ত Structure টি follow করতে হবে।

■ **Sub + was/were + never + noun/adjective.** যেমন–

তিনি কখনো একজন বিদ্বান লোক ছিলেন না। — He was never a learned man.

তারা কখনো ছাত্র ছিল না। — They were never students.

আমরা কখনো অজ্ঞতার অন্ধকারে ছিলাম না। — We were never in the darkness of ingorance.

তোমরা কখনো অধার্মিক ছিলে না। — You were never impious.

করিম কখনো একজন সুখী লোক ছিল না। — Karim was never a happy man.

■ আর এ ধরনের না বোধক (Negative) বাক্য প্রশ্ন বোধক (Interrogative) হলে, অর্থাৎ— আহমেদ শরীফ কি নাস্তিক ছিল না? তারা কি ধার্মিক ছিল না? তখন এ ধরনের বাক্যের ইংরেজি করতে হলে not সহ was/were subject এর পূর্বে বসবে। তখন Structure টি হবে নিম্নরূপ–

■ **Wasn't/ weren't + sub + noun + adjective + ...?**

যেমন–

আহমেদ শরীফ কি নাস্তিক ছিল না?— Wasn't Ahmed Sharif an atheist?

তারা কি ধার্মিক ছিল না? — Weren't they pious/religious?

মনিরা কি সুন্দরী ছিল না? — Wasn't Monira beautiful?

সাইদুর কি আমার অনুগত ছিল না? — Wasn't Saidur obedient to me?

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

■ আর এ ধরনের বাক্য যদি প্রশ্নবোধক (Interrogative) হয় অর্থাৎ, তারা কি ক্লান্ত ছিল? নেভিন কি সুন্দরী ছিল? তবে to be verb was/were কে subject এর পূর্বে বসাতে হবে। এবং Structure টি হবে নিম্নরূপ

■ **Was/ were + sub + noun + adjective ..... + ?**

যেমন–

তারা কি ক্লান্ত ছিল? — Were they tired?

নিভা কি সুন্দরী মেয়ে ছিল? — Was Niva a beautiful girl?

সীমা কি অমায়িক ছিল? — Was Shima amiable?

আমারা কি সাতক্ষীরার অধিবাসী ছিলাম? — Were we the inhabitants of Satkhira?

তারা কি মেধাবী ছিল? — Were they meritorious?

আমরা কি কঠোর পরিশ্রমী ছিলাম? — Were we hard working?

Self -Check

(ক) মুকাদ্দিম একজন ছাত্র।

(খ) বাসার কি খুব ভাল গায়ক?

(গ) সাজ্জাদ কি দয়ালু ছিল না?

(ঘ) সে অত্যন্ত নিষ্ঠুর ছিল।

(ঙ) পলাশ মামা কি সাংবাদিক?

(চ) জর্জ বুশ কি একজন কুখ্যাত ব্যক্তি নয়।

(ছ) রহিম সাহেব একজন জ্ঞানী ব্যক্তি ছিলেন।

(জ) আহম্মেদ শরীফ কি একজন নাস্তিক?

(ঝ) সোহরাব সাহেব কি একজন আইনজীবী ছিলেন না?

(ঞ) জাহিদ কি গুণ্ডা (hooligan) ছিল না।

(ট) তারা ভণ্ড (hypocrite)

Self -Check -এর Answer

(ক) Muqaddim is a student.

(খ) Is Basar a good singer?

(গ) Wasn't Sazzad kind?

(ঘ) He was very cruel.

(ঙ) Is Palash uncle a journalist?

(চ) Isn't jeorge Bush a notorious person?

(ছ) Mr. Rahim was a learned/wise man.

(জ) Is Ahmed Sharif an atheist

(ঝ) Wasn't Mr, Sohrab a lawyer?

(ঞ) Zahid wasn't a hooligan?

(ট) They are hypocrite.

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

CHAPTER THREE — THE USE OF 'TO HAVE' VERBS

এ অধ্যায়ে যা শিখব ঃ মালিকানা প্রকাশ করার কৌশল।
যেমন ঃ আমার গাড়ি নেই। তার ঘড়ি আছে। ইত্যাদি।

The Use of 'To Have' Verbs ("To Have" Verbs এর ব্যবহার)

আমার একটি গাড়ি আছে। আমাদের বাড়ি নেই। রাসেলের কি ঘড়ি আছে? আমার অনেক বই আছে। আমাদের বেশি টাকা ছিল না। এভাবে Possession বা মালিকানা বুঝাতে to have verbs ব্যবহৃত হয়।

To Have verb গুলি হচ্ছে ; have, has, had, having এ গুলোর মধ্যে have ও has present বা বর্তমানকালের সাথে সম্পৃক্ত। আর had অতীতকালের অবস্থা বুঝাতে ব্যবহৃত হয়।— এখন আমরা have, has এবং had এর ব্যবহার দেখব।

['To Have' Verbs in Present Tense] (বর্তমান কালে To Have Verbs)

আমার একটি গাড়ি আছে। তাদের অনেক সম্পদ আছে। রাসেলের একটি কলম আছে।—এভাবে বর্তমান কালের Possession প্রকাশ করতে মূল verb হিসেবে have/has ব্যবহৃত হয়। এক্ষেত্রে Structure টি হবে;

■ **Subject + have/has + noun..... .**

এবার কিছু উদাহরণ লক্ষ্য করা যাক ;
আমার গাড়ি আছে। — I've a car. (I've = I have)
রাসেলের অনেক টাকা আছে। — Rasel has much money.
জিয়াদ সাহেবের সাতক্ষীরায় একটি বাড়ি আছে।—Mr. Ziad has a house at Satkhira.
মাহবুবের দু'টি ছেলে আছে। — Mahbub has two sons.
মোখলেছের একটি মেয়ে আছে। — Mokhles has a daughter.
সাইদুরের পাঁচটি কলম আছে। — Saidur has five pens.
তার একটি দোকান আছে। — He has a shop.
তোমার দশটি ঘোড়া আছে।—You've ten horses. (You've = You have)
আমাদের পাঁচটি বিল্ডিং আছে। — We've five buildings.

■ কারও কোন কিছু নেই। যেমন; তার বই নেই। আমার টুপি নেই। এ ধরনের ভাব নিম্নলিখিত দুটি Structure এর মাধ্যমে প্রকাশ করা যায়।

■ **Structure 1 : Sub + haven't + hasn't + noun..... .** যেমন ঃ
তার বই নেই। — He hasn't a book.
Structure 2 : sub + don't/doesn't + have + noun .... . যেমন ঃ
তার বই নেই। — He doesn't have a book.
(অর্থাৎ have/has এর সাথে not অথবা Sub এর পরে don't / doesn't ব্যবহৃত হয়েছে।)

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

■ এবার কিছু উদাহরণ লক্ষ্য করা যাক;

আরেফীনের খাতা নেই। — Arefeen hasn't a khata.

Or, Arefeen doesn't have a Khata.

আমাদের বাড়ি নেই। — We haven't a house.

Or, We don't have a house.

তাদের অনেক ছাগল নেই। — They haven't a lot of goats.

Or, They don't have a lot of goats.

রহিম সাহেবের প্রচুর টাকা নেই।— Mr. Rahim hasn't much money.

Or. Mr. Rahim doesn't have much money.

আর যদি এ ধরনের Negative (না সূচক) বাংলা বাক্যে 'কোন' শব্দটি উল্লেখ থাকে তবে নিম্নোলিখিত দুটি Structure এর মাধ্যমে ইংরেজি করতে হয় ;

■ **Structure 1 : Sub + have /has + no + noun..... .**

যেমন ঃ

তার কোন বই নেই। — He has no book.

■ **Structure 2: Sub + don't + doesn't + have + any + noun..... .** যেমন ঃ

তার কোন বই নেই।

He doesn't have any book.

*[বি. দ্র. : এখানে **Structure 1** এ **have** ও **has** এর পরে **no** ব্যবহার করা হয়েছে এবং **Structure 2** এ **Sub** এর পরে **don't** ও **doesn't** এবং **have** এর পরে **any** ব্যবহার করা হয়েছে।]*

আসুন, এবার কিছু উদাহরণ লক্ষ্য করা যাক।

তানযীমের কোন অহংকার নেই।—Tanzeem has no pride.

Or, Tanzeem doesn't have any pride.

আমার কোন সন্তান নেই।—I've no child.

Or, I don't have any child.

তার কোন বোন নেই। He has no sister.

Or, He doesn't have any sister.

তাদের ঢাকায় কোন বাড়ি নেই। They have no house in Dhaka.

Or, They don't have any house in Dhaka.

■ কারও কোন কিছু আছে কিনা যেমন; তার কি মেধা আছে? ফাহাদের কি জামা আছে? তা জানতে দু'টি নিয়ম অনুসরণ করা যায়।

■ **a. Do/does + subject + have + noun + ?** যেমন ;

ফাহাদের কি জামা আছে? Does Fahad have a shirt?

■ **b. Have / has + subject + noun + ?** যেমন ;

ফাহাদের কি জামা আছে? Has Fahad a shirt?

আসুন এবার কিছু উদাহরণ লক্ষ্য করি ;

তার কি মেধা আছে? Does he've merit?

Or, Has he merit?

সোহাগের কি কোন ছাতা আছে? Does Shohag have any umbrella?

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Or, Has Shohag any umbrella?
সাব্বিরের কি টুপি আছে? Does Sabbir have a cap?
Or, Has Sabbir a cap?
মনিরার কি 'কোন' সন্তান আছে? Does Monira have any child?
Or, Has Monira any child?
তাদের কি বাড়ি আছে? Do they have a house?
Or, Have they a house?
তোমার কি কোন বোন আছে? Do you have any sister.
Or, Have you any sister.
আমাদের কি ভাল বাড়ি আছে? Do we have a good house?
Or, Have we a good house?

['To Have' Verbs in Past Tense]
(অতীত কালে To Have Verbs)

আমার একটি গাড়ি ছিল। রাসেলের একটি বাড়ি ছিল।—এভাবে অতীতকালে মালিকানা (possession) প্রকাশ করতে মূল Verb হিসেবে had ব্যবহৃত হয়। তখন Structure টি হবে;

■ **Subject + had + noun.**

আমার একটি গাড়ি ছিল। — I'd a car. (I'd = I had.)
তোমার একটি পুতুল ছিল। — You had a dall.
তার একটি সন্তান ছিল। — He had a child.
আমার একটি মোবাইল ফোন ছিল। — I had a Mobile phone.
দরিদ্র লোকটির একটি গরু ছিল। — The poor man had a cow.
ধনী লোকটির ঢাকায় পাঁচটি বাড়ি ছিল। — The rich man had five houses in Dhaka.
রশিদ সাহেবের প্রচুর সম্পদ ছিল। — Mr. Rashid had a lot of wealth.
আমার পিতার ছয় সন্তান ছিল। — My father had six children.
মাহ্‌মুদ নামে আমার একজন বন্ধু ছিল।—I'd a friend named Mahmud.
আমাদের গ্রামের বাড়ি খলিল নগরে প্রচুর সম্পদ ছিল। We'd a great deal of asset at our village home, Khalilnagar.

■ অতীতে কারও কোন কিছু ছিল না বুঝাতে
Subject এর পরে hadn't অথবা didn't have ব্যবহার করতে হয়।
তখন Structure টি হবে—

■ **Sub + hadn't/didn't have + noun.** যেমন ঃ
ফাহাদের টুপি ছিল না। Fahad hadn't a cap.
Or, Fahad didn't have a cap.
আসমার পুত্র সন্তান ছিল না। Asma hadn't a male child.
Or, Asma didn't have a male child.
আমাদের বাড়ি ছিল না। We hadn't a house.
Or, We didn't have a house.

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

তাদের গাড়ি ছিল না।— They hadn't a car.
Or, They didn't have a car.
জামানের ছাতা ছিল না। Zaman hadn't an umbrella.
Or, Zaman didn't have an umbrella.

আর এ ধরনের বাংলা বাক্যে 'কোন' শব্দটি উল্লেখ থাকলে নিম্নোলিখিত দু'টি Structure এর মাধ্যমে ইংরেজি করতে হয়;

■ **Structure 1 : Sub + had + no + noun**..... . যেমন,
আমার কোন টাকা ছিল না। — I'd no money. (I'd = I had)
Structure 2 : Sub + didn't have + any + noun ..... .
উদাহরণ ঃ
আমার 'কোন' টাকা ছিল না। — I didn't have any money.
আসুন এখন কিছু **Practice** করা যাক–
তার বাড়িতে কোন ফ্যান ছিল না।—He had no fan in his house.
Or, He didn't have any fan in his house.
মোখলেছের ছাত্রজীবনে কোন বন্ধু ছিল না।
Mokhles had no friend in his student life.
Or, Mokhles didn't have any friend in his student life.
তাদের নিজস্ব কোন বাড়ি ছিল না।
They had no house of their own.
Or, They didn't have any house of their own.
আমাদের কোন টিভি ছিল না। We had no T.V.
Or, We didn't have any TV.

■ কারও কোন কিছু ছিল কিনা; যেমন, "তোমার কি অনার্সে সেকেন্ড ক্লাস ছিল? তার কি পুকুর ছিল?" তা জানতে দু'ভাবে প্রশ্ন করা যায়।

a. Had কে Subject এর আগে ব্যবহার করে। তখন Structure-টি হবে এরকম —

Had + subject + noun.

যেমন,
তোমার কি অনার্সে সেকেন্ড ক্লাস ছিল?
Had you second class in Honours?

b. Subject-এর আগে did এবং পরে have ব্যবহার করে। অর্থাৎ,
Did + subject + have + noun + ? — ব্যবহার করে।
যেমন,
তোমার কি অনার্সে সেকেন্ড ক্লাশ ছিল?
Did you've second class in honours?
এবার কিছু উদাহরণ লক্ষ্য করা যাক;
তার কি পুকুর ছিল? — Had he a pond?
Or, Did he've a pond?
তোমার কি স্ত্রী ছিল? — Had you a wife?
Or, Did you have a wife.

facebook.com/tanbir.ebooks

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

তাদের কি লাইব্রেরি ছিল? — Had they a library ?
Or, Did they've a library in their college?
তোর কি কম্পিউটার ছিল? — Had you a computer?
Or, Did you've a computer?
আমাদের কি বাংলাবাজারে দোকান ছিল?
Had we a shop at BanglaBazar?
Or, Did we've a shop at Bangla Bazar?

To Have VerbM in Future
(ভবিষ্যতে To Have Verbs)

ভবিষ্যতে মালিকানা প্রকাশ করতে will have ব্যবহৃত হয়। কারও মালিকানায় কোন কিছু থাকবে বুঝাতে will have কে subject এর পরে বসাতে হবে।

■ **Structure : Subject + 'll have + noun .... .** যেমন ,

আমি কলম পাব। — I'll have a pen.
সে পাবে। — He will have.
তারা পাবে। — They will have.
আমরা একটি বাড়ি পাব। — We'll have a house.
বাবু একটি রুম পাবে। — Babu will have a room.
তুমি প্রচুর টাকা-পয়সা পাবে। — You'll have much money.

■ ভবিষ্যতে কারও মালিকানায় কোন কিছু থাকবে না বুঝাতে Subject এর পরে Won't + have ব্যবহৃত হবে।

■ **Structure : Subject + won't + have + noun ... .** যেমন ;

আমি কলম পাব না। — I won't have a pan.
তুমি প্রচুর টাকা-পয়সা পাবে না।
You won't have much money.
সানজিদা বাড়ি পাবে না। — Sanzida won't have a house.
সে আনন্দ পাবে না। — He won't have pleasure.
তারা গাড়ি পাবে না। — They won't have a car.

■ ভবিষ্যতে কারও মালিকানায় কোন কিছু থাকবে কিনা তা জানতে subject এর আগে will এবং subject এর পরে have ব্যবহৃত হবে।

■ **Structure : Will + subject + 've + noun ....? ('ve = have)**

আমি কি কলম পাব? — Will I've a pen?
তারা কি বাড়ি পাবে? — Will they've a house?
সাব্বির কি ভাল জমি পাবে? — Will sabbir've a good land?
আমরা কি দশটি হাতি পাব? — Will we've ten elephants?
তুমি কি একটি সাইকেল পাবে? — Will you've a cycle?

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

■ Self -Check (নিজেকে যাচাই করুন) :

(ক) তোমার ঢাকায় কি কোন আত্মীয় আছে?
(খ) তার কলম নেই।
(গ) আজমেরির কি কোন ভাই আছে?
(গ) রাসেলের চার বোন ও এক ভাই আছে।
(ঙ) আমাদের কি খুলনায় কোন বাড়ি ছিল না?
(চ) সাব্বিরের কি ঘনিষ্ঠ বন্ধু ছিল?
(ছ) তাদের কি বাড়ি নেই?
(জ) তুমি ৮টি মুরগী পাবে।
(ঝ) তাদের ১৫টি আমগাছ ছিল।
(ঞ) কবীরের কোন অহংকার নেই।

Self-Check- এর Answer

'To Have' Verb

(ক) Do you have any relative in Dhaka?
Or : Have you any relative in Dhaka?
(খ) He has no pen. **Or :** He has not any pen.
(গ) Does Azmery have any brother?
Or : Has Azmery any brother?
(ঘ) Russel has four sisters and a brother?
(ঙ) Didn't we have any house in Khulna?
Or : Hadn't we any house in Khulna?
(চ) Had Sabbir a close friend?
Or : Did Sabbir have a close friend?
(ছ) Don't they have a house?
Or : Haven't they a house?
(জ) You'll have eight hens.
(ঝ) They had fifteen mango trees.
(ঞ) Kabir doesn't have any pride.
Or : Kabir has no pride.

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

CHAPTER FOUR — THE USE OF MODAL AUXILIARIES

এ অধ্যায়ে যা শিখব ঃ

"আমি কাজটি করতে পারি। তার কলেজে যাওয়া উচিত।" এ ধরনের বাক্যের ইংরেজি কিন্তু tense-এর form-এর মাধ্যমে করা সম্ভব নয়। এ ধরনের ভাব প্রকাশ করতে modal auxiliary verb-এর আশ্রয় নিতে হয়। Modal auxiliary verb সহযোগে কিভাবে ভাব প্রকাশ করতে হয় তা এ অধ্যায়ে শিখব।

The Use of Modal Verbs (Model Verbs -এর ব্যবহার)

Modal verb-গুলো হচ্ছে ; Can, could, may, might, will, would, shall, should, must.

Ought to, used to, need এবং dear ও modal verb. তবে এগুলো অন্যভাবেও ব্যবহৃত হয়।

■ **Modal Verb কিভাবে ব্যবহার করতে হয়?**

Modal Verb-এর সাথে সব সময় verb এর base form ব্যবহার করতে হয়। যেমন ;

He can/may go home. — সে বাড়ি যেতে পারে।

I must help him if he is in problem. — আমি তাকে অবশ্যই সাহায্য করব যদি সে সমস্যায় থাকে।

প্রশ্ন করতে বা না সূচক ভাব প্রকাশ করতে modal verb যুক্ত বাক্যে do/did don't/didn't ব্যবহৃত হবে না। বরং modal verb এর পরে not ব্যবহার করে না সূচক (negative) এবং modal verb কে Subject-এর আগে এনে প্রশ্ন বোধক (Interrogative) ভাব প্রকাশ করতে হবে। যেমন ;

Can you remember me? — তুমি কি আমাকে স্মরণ করতে পার?

You must not go there. — তুমি অবশ্যই সেখানে যাবে না।

■ **কখন Modal verbs ব্যবহৃত হবে ?**

May/might এবং can/could-এর ব্যবহার

১. অনুমতি নিতে বা দিতে ঃ

Could I leave early today? — আমি কি আজ তাড়াতাড়ি যেতে পারি?

May I use your pen? — আমি কি আপনার কলমটা ব্যবহার করতে পারি?

You may go now. — তুমি এখন যেতে পার।

Can/may I sit down? — আমি কি বসতে পারি?

Note : *বিনয়ের সাথে অনুমতি চাইতে could/might ব্যবহৃত হয়।*

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Might আনুষ্ঠানিকতাপূর্ণ এবং সেকেলে। could দিয়ে অনুমতি চাইলে উত্তর can দিয়ে এবং might দিয়ে অনুমতি চাইলে উত্তর may দিয়ে দিতে হয়। যেমন–

Could I enter the room? — আমি কি রুমে আসতে পারি?

Answer : Yes you can. হ্যাঁ পার।
No, you can't. না, পার না।
May I use your pen?
আমি কি তোমার কলমটি ব্যবহার করতে পারি।

Answer : Yes, you may. হ্যাঁ তুমি পার।
No, you may not. না, তুমি পার না।

২. সম্ভাবনা বুঝাতে ঃ

■ **Subject + can/could/may/might + verb + ...** Structure ব্যবহার করতে হয়।

You can go by bus. — তুমি বাসে যেতে পার।

He may come in the afternoon. — সে বিকেলে আসতে পারে।

We could meet Mofiz sir in January. — আমরা জানুয়ারিতে মফিজ স্যারের সাথে দেখা করতে পারি।

He might go to Cox's Bazar. — সে কক্সবাজারে যেতে পারে।

Note : *May বিনয়ের সাথে সম্ভাবনা বুঝায়।*

Could দিয়ে অপেক্ষাকৃত কম সম্ভাবনা প্রকাশ করে। আর might দিয়ে সম্ভাবনা প্রায় নেই এমন ভাব প্রকাশ করে।

৩. সামর্থ্য বুঝাতে ; কেউ বর্তমানে কোন কিছু করতে পারে বুঝাতে can ব্যবহৃত হয়। তখন Structure টি হবে;

■ **Subject + can + verb + - - - - .**

না সূচক (negative) ভাব প্রকাশ করতে ; **sub + can't + verb + - -- -**

এবং প্রশ্ন করতে, **can + subject + verb + - - -?** Structure অনুসরণ করতে হবে।

যেমন–

অভি ইংরেজি বলতে পারে। — Abhi can speak English.

সে কি তার সব কাজ নিজেই করতে পারে? — Can he do all of his works himself?

সুরাইয়া দ্রুত দৌড়াতে পারে না। — Surrayah can't run fast.

■ এ ধরনের ভাব অতীতকালে প্রকাশ করতে can এর স্থলে could হবে আর সব ঠিক থাকবে। অতীতকালের কোন কাজ করার সামর্থ্য প্রকাশ করতে Could ব্যবহার করা যায়।

Fb: www.facebook.com/tanbir.cox Web🌎:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

স্নিগ্ধা কবিতা লিখতে পারত। — Snigdha could write poems.

সেতু কোরআন শরীফ থেকে একটি আয়াতও উদ্ধৃত করতে পারত না।

Shetu couldn't quote a single verse from the holy Quran.

মুহিব কি গান গাইতে পারত? — Could Muhib sing?

Must-এর ব্যবহার

১. বাধ্য বাধকতা বুঝাতে;

হ্যাঁ বোধক (affirmative) এ **subject + must + verb - - - .**

না বোধক (negative) এ, **Subject + mustn't + verb - - -**

প্রশ্নবোধক (interrogative) এ, **must + subject + verb + - -+?** হবে। যেমন ঃ আগামীকাল আমাকে অবশ্যই বই কিনতে হবে। — I must buy books tomorrow.

ছ'টার আগে আমাদের বাড়ি ছেড়ে যাওয়া চলবে না।

We mustn't leave the house before 6 o'clock.

সজীবকে কি অবশ্যই গফরগাঁও যেতে হবে? — Must Sojeeb go to Gafargoan?

২. প্রয়োজনীয়তা বুঝাতেও must ব্যবহৃত হয়।

বাস্তবিকই আমাদের এখন যাওয়া দরকার। — We really must go now.

আগামীকালের মধ্যে আমার চুলটা কাটানো দরকার। — I must get my hair cut by tomorrow.

৩. নিশ্চয়তা বুঝাতেও **must** ব্যবহৃত হয়।

তারা অবশ্যই নদীতে গোসল করবে।—They must bathe in the river.

Shall, will, would-এর ব্যবহার

১. দৃঢ় সংকল্প বুঝাতে Present tense এ (বর্তমান কালে) will এবং past tense (অতীত কাল) এ would ব্যবহৃত হয়।

আমি আগামীকাল তোমার সাথে দেখা করব।— I'll meet you tomorrow.

সে বলল সে আমাকে আর কোন টাকা পয়সা ধার দেবে না।

He said that he wouldn't lend me any more money.

২. অনুরোধ বুঝাতে :

কাউকে অনুরোধ করতে will ব্যবহৃত হয়।

এই চিঠিটি পোস্ট করে দিবে? — Will you post this letter?

৩. আদেশ বা নির্দেশনা বুঝাতে **third person** এর সাথে **shall** ব্যবহৃত হয়।

পরীক্ষার সব কাগজ সংগৃহীত না হওয়া পর্যন্ত পরীক্ষার্থীরা তাদের আসনে আসীন থাকবে।

Candidates shall remain in their seats until all the papers have been collected.

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

৪. সরাসরি কাউকে জোরালো আদেশ দিতে **will** ব্যবহৃত হয়।

এই মুহূর্তে তোমাকে এটা করতে হবে। — You will do it in this moment.

৫. পূর্বাভাস প্রকাশ করতে ;

কি ঘটবে বলে ধারণা করা হয় তেমন কোন বিষয়ে কথা বলতে will ব্যবহৃত হয়।

কোন সন্দেহ নেই যে, আদনান সফল হবে। — There is no doubt that Adnan'll be successful.

নাসির ঠিক সময়ে কাজটি শেষ করবে। — Nasir will finish the work in time.

Should/ought to এর ব্যবহার

১. উচিত বুঝাতে ;

উচিত বা অনুচিতের ব্যাপারে কথা বলতে subject এর পরে should/ought to বা shouldn't/oughtn't to ব্যবহার করতে হয়।

আদনানের মনযোগ দিয়ে পড়া উচিত। — Adnan should read attentively.

ঐভাবে কথা বলা তোমার উচিত নয়।—You shouldn't speak in that way.

অতীতে কোন কাজ করা উচিত বা অনুচিত ছিল বুঝাতে subject এর পরে Should have/ought to have বা shouldn't have ব্যবহার করতে হয়।

তোমার আগেই যাওয়া উচিত ছিল। — You should have gone earlier.

ওটা তোমার বলা উচিত হয়নি। — You shouldn't have said that.

আমার কি তার সাথে কথা বলা উচিত ছিল?—Should I've talked to him?

সম্ভাবনা বুঝাতে **should/ought to** ব্যবহৃত হয়।

ছ'টার মধ্যেই আমাদের সেখানে থাকার কথা। — We should/ought to be there by 6 o'clock.

অতীত বিষয়ে কথা বলতে "should/ought to+have+ past participle"-এ structure টি ব্যবহৃত হয়।

গত সপ্তাহে বইটা আমার শেষ করার কথা ছিল।

I should/ought to have finished the book last week.

■ বিনীত অনুরোধ জানাতে **should** ব্যবহৃত হয়।

আপনার কি আমার সাথে যাওয়া উচিত। — Should you go with me?

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

CHAPTER FIVE
INTRODUCTORY 'THERE'

এ অধ্যায়ে যা শিখব ঃ

"আমাদের গ্রামে একটি মসজিদ আছে। এক দেশে এক রাজা ছিল।" এ ধরনের বাক্যের ইংরেজি করার কৌশল। অর্থাৎ যে বাক্যে কোন ব্যক্তি বা বস্তু কোথাও ছিল আছে বা থাকবে কিন্তু ব্যক্তি বা বস্তুটির মালিক কে তা জানা থাকবে না সে সমস্ত বাক্যের ইংরেজি করার কৌশল।

The use of 'There'
'There'- এর ব্যবহার)

কোন ব্যক্তি বা বস্তু 'আছে', 'ছিল' বা 'থাকবে' কিন্তু ব্যক্তি বা বস্তুটির মালিক নেই অথবা ব্যক্তি বা বস্তুটির মালিক কে, তা জানা নেই বা উল্লেখ নেই ইত্যাদি বুঝালে Sentence টি 'There' দিয়ে শুরু হয়। এই "There"কে Introductory (প্রারম্ভিক) 'There' বলে। যেমন–

আমাদের গ্রামে একটি মসিজদ আছে।
There is a mosque in our village.
বাজারে তিনজন লোক ছিল।
There were three men in the market.
সেখানে এক গ্লাস পানি থাকবে।
There will be a glass of water there.

'There' in Present Tense
বর্তমানকালে 'There'

বর্তমানে কোন অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তু কোথায় আছে। যেমন– আকাশে অনেক তারা আছে। মাঠে চারটি ঘোড়া আছে। ইত্যাদি বুঝালে There এর পরে is/are ব্যবহার করতে হয়। অর্থাৎ তখন structure টি হবে নিম্নরূপ।

■ **There is/are+noun/noun phrase + place.** যেমন ঃ

আকাশে অনেক তারা আছে। — There're many stars in the sky.
মাঠে চারটি ঘোড়া আছে। — There are four horses in the field.
মসজিদে একজন লোক আছে। — There's a man in the mosque.
ঘরের দরজায় একটি বিড়াল আছে।—There is a cat at the door of the house.
(The're = There are) (There's = There is)

■ আর এ ধরনের বাক্য না বোধক (Negetive) হলে auxiliary verb is/are এর পরে একটি no/not any বসবে অর্থাৎ তখন structure টি হবে–

■ **There+is/are+no/not/not any+noun/noun phrase+place.**

সেখানে কোন মানুষ নেই। — There is no man there.
বাক্সে একটিও কলম নেই।—There is not a single pen in the box.

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

ঐ নদীতে বেশি পানি নেই।—There is not much water in that river.

এই স্কুলে ৫০ জনের বেশি ছাত্র ছাত্রী নেই।

There are not more than fifty students in this school.

তাদের গ্রামে কোন মন্দির নেই। — There is no temple in their village.

Or, There is not any temple in their village.

বিঃ দ্রঃ এই ধরনের বাংলা বাক্যে 'কোন' শব্দ উল্লেখ থাকলে ইংরেজি বাক্য গঠন করার সময় There is no অথবা There is not any বসবে।

[No + noun/pronoun] [not + any + noun/pronoun]

যেমন –

আমাদের পুকুরে কোন মাছ নেই।

There is no fish in our pond.

Or. There is not any fish in our pond.

Note : *(a) সংখ্যা বাচক ও পরিমাণবাচক Noun এর পরে "নেই" অথবা "নাই" কথা উল্লেখ থাকলে, ইংরেজি করার সময় There is not অথবা There are not ব্যবহার করতে হয়।*

(b) এক বচন ও পরিমাণবাচক এর ক্ষেত্রে There is এবং বহুবচন এর ক্ষেত্রে there are ব্যবহৃত হয়।

আর এ ধরনের কোন অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তু 'কোথাও আছে কি' বুঝালে অর্থাৎ প্রশ্ন করতে চাইলে is/are ; there এর পূর্বে বসবে। সুতরাং তখন Structure টি হবে ;

Is/Are + there + noun/noun phrase + place ...?

যেমন ঃ

মসজিদে কি দশজন লোক আছে ? — Are there ten people in the mosque?

তোমাদের গ্রামে কি কোন চোর আছে? — Is there any thief in your village?

তোমাদের বাড়িতে কি তিনটা কুকুর আছে? — Are there three dogs in your house?

আর না বোধক (Negetive) প্রশ্ন করতে চাইলে Are not / is not দিয়ে বাক্য শুরু হবে এবং শেষে প্রশ্ন বোধক চিহ্ন (?) বসবে।

যেমন–

মসজিদে কি কোন লোক নেই? — Isn't there any man in the mosque.

তোমাদের গ্রামে কি তিনজন ভিক্ষুক নেই? — Aren't there three beggars in your village?

Note : *(Are not = Aren't) এবং (Is not = Isn't)*

Fb: www.facebook.com/tanbir.cox Web🌎:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

There in Past Tense
অতীতকালে 'There'

অতীতকালে কোন অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তু কোথাও ছিল। যেমন ঃ আকাশে অনেকগুলো তারা ছিল। ঐ মাঠে দশটি গাভী ছিল।— এ ধরনের বাক্যের ক্ষেত্রে there এর পরে was অথবা were ব্যবহার করতে হয়। অর্থাৎ তখন structure টি হয় নিম্নরূপ।

■ **There was/were + noun phrase + place.**

আকাশে অনেকগুলো তারা ছিল।—There were many stars in the sky.

ঐ মাঠে দশটি গাভী ছিল। — There were ten cows in that field.

মসজিদে একজন লোক ছিল। — There was a man in the mosque.

এক দেশে এক রাজা ছিল। — There was a king in a country.

কমিটিতে বিশজন সদস্য ছিল। — There were twenty members on the committee.

■ আর এ ধরনের বাক্য না বোধক (Negative) হলে auxiliary verb was/were এর পরে no/not/not any বসবে। অর্থাৎ তখন Structure টি হবে নিম্নরূপ।

■ **There+was/were + no/not/not any + none/noun phrase+ place.**

এই গ্রামে একজন অন্ধলোকও ছিল না।

There was not a blindman in this village.

কমিটিতে দশজনের বেশি সদস্য ছিল না।

There were not more than ten members in the committee.

কাথণ্ডা মাদরাসায় একজন শিক্ষকও ছিল না।

There was not a single teacher in the Kathanda Madrasha.

খলিল নগরে কোন ভিক্ষুক ছিল না।—There was no bagger at Khalilnagar.

Or. There was not any begger at Khalilnagar.

Note : *এ ধরনের বাক্যে কোন শব্দটি উল্লেখ থাকলে।*

There was no অথবা There was not any দিয়ে বাক্য শুরু হয়।

■ কোন অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তু "কোথাও ছিল কি" বুঝালে অর্থাৎ প্রশ্নবোধক হলে auxiliary verb was/were বাক্যের শুরুতে বসবে তারপর There বসবে এবং বাক্যের শেষে প্রশ্নবোধক চিহ্ন (?) বসবে। কাজেই তখন Structure টি হবে নিম্নরূপ—

■ **Was/were + there + noun/ noun phrase + place + ?**

মসজিদে কি দশজন লোক ছিল ? — Were there ten people in the mosque?

এখানে কি একটি বাড়ি ছিল? — Was there a house here?

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

ঐ নদীতে কি কোন মাছ ছিল? — Was there any fish in that river?

আর না বোধক প্রশ্ন করতে চাইলে was/were-এর পরে একটি not বসাতে হবে। তারপর বাক্যের শেষে প্রশ্ন বোধক চিহ্ন (?) হবে।

যেমন–

এখানে কি কোন মসজিদ ছিল না?— Wasn't there any mosque here?

মাঠে কি দশটি গরু ছিল না? Weren't there ten cows in the field?

Note : *(Was not = wasn't) এবং (Were not = weren't)*

'There' in Future Tense
'There' ভবিষ্যতকালে

ভবিষ্যত কালে কোন অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তু কোথায় থাকবে, যেমন– সেখানে একজন লোক থাকবে। নদীতে প্রচুর পানি থাকবে। — এ ধরনের বাক্যের ক্ষেত্রে বুঝালে There এর পরে will be ব্যবহার করতে হবে।

অর্থাৎ, তখন Structure টি হবে নিম্নরূপ।

■ **There + will be + noun / noun phrase + place.** যেমন–

সেখানে একজন লোক থাকবে।

There will be a man there.

নদীতে প্রচুর পানি থাকবে।

There will be much water in the river.

মসজিদে বিশজন লোক থাকবে।

There will be ten people in the mosque.

■ আর এ ধরনের বাক্য না বোধক হলে বাক্যের প্রথমে

There will not be অথবা There will be no হবে।

যেমন– আমাদের গ্রামে কোন ভিক্ষুক থাকবে না।

There won't be any begger in our village.

Or, There will be no begger in our village.

সেখানে কোন মানুষ থাকবে না।

There won't be any man there.

Or, There will be no man there.

■ আর এ ধরনের কোন অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তু কোথাও 'থাকবে কি' বুঝালে অর্থাৎ প্রশ্ন করতে চাইলে auxiliary verb "will"there এর পূর্বে বসবে এবং বাক্যের শেষে প্রশ্নবোধক চিহ্ন (?) বসবে। সুতরাং তখন structure টি হবে–

■ **Will + there + be + noun / noun phrase + place ?**

যেমন–

মসজিদে কি দশজন লোক থাকবে?

Will there be ten people in the mosque?

তখন আমাদের গ্রামে কি কোন চোর থাকবে?

Will there be any thief in our village then?

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

UNIT—TWO

এ Unit-এ যা শিখব ঃ

রাসেল কি ছাত্র? রাজীব কি স্কুলে যায়? এভাবে যেসব প্রশ্নের উত্তরে হ্যাঁ বা না বললেই উত্তর হয়ে যায় সেসব প্রশ্ন করার কৌশল এবং উত্তর দেয়ার পদ্ধতি।

CHAPTER YES/NO QUESTION

কথাবার্তায় প্রশ্ন করা অতীব জরুরি। কারণ কথোপকথনের অধিকাংশ অংশ জুড়ে থাকে প্রশ্ন। ধরুন, আপনার বন্ধুর সাথে আপনার দেখা হল। এখন আপনাদের মধ্যে কী ধরনের কথা হতে পারে তা লক্ষ্য করুন।

ফরহাদ ঃ মিজান, কোথায় যাচ্ছিস?
মিজান ঃ বাংলাবাজারে।
ফরহাদ ঃ বই কিনতে যাচ্ছিস কি?
মিজান ঃ না, ফুফার সাথে দেখা করতে যাচ্ছি।
ফরহাদ ঃ তোর কি কনকের সাথে দেখা হবে?
মিজান ঃ হ্যাঁ, হতে পারে, কনককে কি কিছু বলতে হবে?
ফরহাদ ঃ কনককে আমার সাথে দেখা করতে বলবি?

উল্লেখিত কথোপকথনটিতে দেখা যাচ্ছে যে, প্রশ্নই করা হয়েছে অধিকাংশ সময়। এ প্রশ্নসমূহের মধ্যে কতকগুলোর উত্তরে শুধু 'হ্যাঁ' বা 'না' বললেই হয়। আর কতকগুলোর উত্তরে প্রশ্নানুসারে তথ্য সরবরাহ করতে হয়। যেমন– তুমি কোথায় যাচ্ছ? এর উত্তরে কোন একটি জায়গার নাম উল্লেখ করতে হয়। 'হ্যাঁ' বা 'না' বললে হয় না। যেসব প্রশ্নের উত্তরে হ্যাঁ বা না বললেই উত্তর হয়ে যায় সেসব প্রশ্নকে Yes/No Question বলা হয়। এখন আমরা Yes/No Question গঠন করার কৌশল এবং এর উত্তর দেয়ার পদ্ধতি এ Chapter এ আলোচনা করছি।

Yes/No Question গঠন করার কৌশল হল Sentence -এর verb এবং person অনুযায়ী auxiliary Verb কে Sentence এর শুরুতে বসাতে হবে। এরপর subject এবং তারপর মূল Verb বসাতে হবে।

অর্থাৎ : Auxiliary verb + subject + মূল verb + ... ?

যেমন,

তুমি কি চা পছন্দ কর? — Do you like tea?

Subject you এবং verb-টি Present indefinite tense-এ হওয়ার কারণে,

(i) Sentence এর শুরুতে do হয়েছে।
(ii) তারপর subject you হয়েছে।
(iii) এর পর Verb like হয়েছে।

Fb: www.facebook.com/tanbir.cox Web🌎:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

আর এ জাতীয় প্রশ্নের উত্তর দেয়ার পদ্ধতি :

Affirmative (হ্যাঁ বোধক) এ উত্তর দিতে চাইলে নিচের পদ্ধতিগুলোর যে কোন একটা অনুসরণ করা যায়;

(a) শুধু yes বলা যায়।

(b) Yes + subject + যথাযথ auxiliary verb.

(c) Yes + tense এর সামঞ্জস্য বজায় রেখে পূর্ণ বাক্যে উত্তর দেয়া যায়। যেমন, উল্লেখিত বাক্যটি

Do you like tea? এর উত্তরে বল যায় ;

(a) Yes, — (হ্যাঁ)

(b) Yes, I do. — হ্যাঁ আমি পছন্দ করি।

(c) Yes, I like tea. — হ্যাঁ আমি চা পছন্দ করি।

আর না বোধক (Negative) এর উত্তর দিতে চাইলে নিচের পন্থাগুলো অবলম্বন করা যায়;

(a) No. না

(b) No + Subject + যথাযথ + auxiliary + n't.

(c) No + tense এর সামঞ্জস্য বজায় রেখে পূর্ণ বাক্যে উত্তর দেওয়া যায়।

যেমন– Do you like tea? — তুমি কি চা পছন্দ কর?

এ প্রশ্নের negative (না সূচক) উত্তর হবে;

(a) No, — না।

(b) No, I don't — না, আমি পছন্দ করি না।

(c) No, I don't like tea. — না, আমি চা পছন্দ করি না।

Question : Is he a student? (সে কি একজন ছাত্র?)

Ans. Affirmative (হ্যাঁ বোধক) :

Yes, হ্যাঁ।

*Or,*Yes, he is. — হ্যাঁ, সে ছাত্র।

*Or,*Yes, he is a student. — হ্যাঁ, সে ছাত্র।

Ans. (Negative : না বোধক) :

No. — না।

Or, No, he isn't. — না, সে ছাত্র নয়।

Or, No, he isn't a student. He is a businessman. — না, সে ছাত্র নয়, সে ব্যবসায়ী।

Note : *Yes, এর পর Subject এর সাথে auxiliary verb-এর পূর্ণ রূপ বলতে হবে। সংক্ষেপে বলা যাবে না। যেমন ঃ*

[Yes, he's (incorrect) Yes, he is (correct)]

কিন্তু auxiliary verb এর সাথে not এর সংক্ষিপ্ত রূপ ব্যবহার করা যায়।

যেমন ঃ No, he isn't

Ques: Have you reached home? তুমি কি বাড়ি পৌঁছেছ?

Ans. (Affirmative-এ)

Yes. (হ্যাঁ)

facebook.com/tanbir.ebooks

Fb: www.facebook.com/tanbir.cox Web🌎:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Or,Yes, I have. —হ্যাঁ, আমি পৌছেছি।
Or,Yes, I have reached home. —হ্যাঁ, আমি বাড়ি পৌছেছি।
Ans. (Negative এ):
—না।
Or,No, I haven't. —না, আমি পৌছাইনি।
Or, No, I haven't reached home. —না, আমি বাড়ি পৌছাইনি।
Ques : Will you meet him? —তুমি কি তার সাথে দেখা করবে?
Ans. (Affirmative-এ)
Yes. — হ্যাঁ।
Yes. I'll —হ্যা, আমি দেখা করব।
Yes, I'll meet him. হ্যাঁ আমি তার সাথে দেখা করব।
Ans. (Negative এ):
No. —(না।)
No, I won't —না আমি দেখা করব না।
No, I won't meet him. —না, আমি তার সাথে দেখা করব না।
Ques : Are they playing? —তারা কি খেলছে?
Ans. (Affirmative এ) :
Yes. — হ্যাঁ।
Yes, they are. —হ্যাঁ তারা খেলছে।
Yes, they are playing. —হ্যাঁ, তারা খেলছে।
Ans. (Negative এ) :
No. —না।
No, they aren't —না, তারা খেলছে না।
No, they aren't playing. — না, তারা খেলছে না।
Ques : Is it raining outside?বাইরে কি বৃষ্টি হচ্ছে?
Ans. (Affirmative এ) :
Yes. — হ্যাঁ।
Yes, it is. —হ্যাঁ, বৃষ্টি হচ্ছে।
Yes, it is raining. — হ্যাঁ, বৃষ্টি হচ্ছে।
Perhaps, it's raining outside. — সম্ভবত বাইরে বৃষ্টি হচ্ছে।
Sorry, I don't know. — দুঃখিত, আমি জানি না।
Ans. (Negative এ) :
No. —না।
No, it's not. — না, বৃষ্টি হচ্ছে না।
No, it's not raining. — না, বৃষ্টি হচ্ছে না।
Ques : Must you go there?— তোমার কি সেখানে যেতেই হবে?
Ans. (Affirmative এ) :
Yes —হ্যাঁ।
Yes, I must. — হ্যাঁ, আমাকে যেতেই হবে।
Yes, I must go. — হ্যাঁ, আমাকে যেতেই হবে।

facebook.com/tanbir.ebooks

Fb: www.facebook.com/tanbir.cox Web🌎:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Ans. (Negative এ) :
No. —না।
No, I needn't [mustn't হবে না] — না আমাকে যেতে হবে না।
Ques. Did Soma like Danesh? সোমা কি দানেশকে পছন্দ করত?
Ans. (Affirmative এ) :
Yes. — (হ্যাঁ।)
Or, Yes, she did. — হ্যাঁ, সে পছন্দ করত।
Or, Yes, she liked Danesh. — হ্যাঁ, সোমা দানেশকে পছন্দ করত।
Ans. (Negative এ) :
No. —না।
No, she didn't. — না, সে পছন্দ করত না।
No, she didn't like Danesh. — না, সে দানেশকে পছন্দ করত না।
Ques. Were they gossiping? — তারা কি গল্প করছিল?
Ans. (Affirmative এ) :
Yes. — হ্যাঁ।
Or, Yes, they were. — (হ্যাঁ, তারা গল্প করছিল।)
Or, Yes, they were gossiping. —হ্যাঁ, তারা গল্প করছিল।
Ans. (negative এ):
No. —না।
Or, No, they weren't —না, তারা গল্প করছিল না।
Or, No, they weren't gossiping.
(না, তারা গল্প করছিল না।)
Ques. Should you go there? — তোমার কি সেখানে যাওয়া উচিত?
Ans. (Affirmativeএ) :
Yes. —হ্যাঁ।
Yes, I should. —হ্যাঁ, আমার যাওয়া উচিত।
Yes, I should go there. হ্যাঁ, আমার সেখানে যাওয়া উচিত।
(Negative এ) :
No. —না।
No, I needn't. — না আমার যাওয়ার দরকার নেই।
No, I needn't go there. — না আমার সেখানে যাওয়ার দরকার নেই।
Ques : Will you read or write? তুমি পড়বে নাকি লিখবে?
Answers.
I'll read, —আমি পড়ব।
Or, read. — পড়ব।
I'll write. — আমি লিখব।
Or, Write. — লিখব।
I would rather read. — আমি বরং পড়ব
I would rather write. — আমি বরং লিখব।

facebook.com/tanbir.ebooks

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

I'd rather write than read. (I'd = I would) — আমি পড়ার চেয়ে বরং লিখব।

I'd rather not write. — আমি বরং না-ই লিখব।

Q. Has he a car? — তার কি একটি গাড়ি আছে?

এ প্রশ্নটি এভাবে ও হতে পারে;

Does he have a car?

Ans. (Affirmative এ :)

Yes. — (হ্যাঁ।)

Or, Yes, he has. — হ্যাঁ, তার একটি গাড়ি আছে।

Or, Yes, he has a car. — হ্যাঁ, তার একটি গাড়ি আছে।

(Negative এ :)

No. — না।

Or, No, he hasn't. — না, তার গাড়ি নেই।

Or, No, he doesn't have. — না, তার গাড়ি নেই।

Or, No, he hasn't a car. But he'll buy one. — না, তার গাড়ি নেই। তবে সে গাড়ি কিনবে।

Question : Would he swim in the river? — সে কি নদীতে সাঁতার কাটতে?

Ans. (Affirmative এ :)

Yes. — হ্যাঁ।

Or, Yes, he would. — হ্যাঁ, সে নদীতে সাঁতার কাটত।

Or, Yes, he would swim in the river. — হ্যাঁ, সে নদীতে সাঁতার কাটত।

(Negative এ :)

No. — না।

Or, No, he wouldn't. — (না, সে নদীতে সাঁতার কাটত না।)

Or, No, he wouldn't swim in the river but in the pond. না, সে নদীনে সাঁতার কাটত না তবে পুকুরে সাঁতার কাটত।

Question :

Will Sana Ullah do Ph. D? ছানাউল্লাহ্ কি পি. এইচ. ডি করবে?

Ans. (Affirmative এ :)

Yes. — হ্যাঁ।

Or, Yes, he will. — হ্যাঁ, তিনি করবেন।

Or, Yes, he'll do Ph. D. — হ্যাঁ, তিনি পিএইচ ডি. করবেন।

(Negative এ :)

No. — না।

Or, No, he won't. — না, তিনি করবেন না।

Or, No, he won't do Ph. D. — না, তিনি পি. এইচ্. ডি. করবেন না।

facebook.com/tanbir.ebooks

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

UNIT—THREE

এ Unit-এ যা শিখব ঃ

যে সব প্রশ্নের উত্তরে তথ্য সরবরাহ করতে হয় সেসব প্রশ্ন করার কৌশল এবং উত্তর দেয়ার পদ্ধতি। যেমন ; সাজ্জাদ কোথায় পড়ে?

উত্তর ঃ ১. কবি নজরুল কলেজে।

উত্তর ঃ ২. সাজ্জাদ কবি নজরুল কলেজে পড়ে।

Information/WH Questions
তথ্য বিষয়ক /WH প্রশ্ন

পাঠকবৃন্দ, আমরা আগেই জেনেছি যে, কথা বলায় প্রশ্ন করার প্রয়োজনীয়তা অনস্বীকার্য। Unit Two-তে যে সব প্রশ্নের উত্তরে শুধু হ্যাঁ বা না বললেই উত্তর হয়ে যায় সেসব প্রশ্ন করার কৌশল এবং উত্তর দেয়ার পদ্ধতি শিখেছি। কিন্তু কথা বলার সময় এ রকম প্রশ্নও করতে হয় যেসব প্রশ্নের উত্তরে হ্যাঁ বা না বলা যায় না বরং প্রশ্নানুসারে তথ্য সরবরাহ করতে হয়। যেমন— রাসেল কোন কলেজে পড়ে? এর উত্তরে সংক্ষিপ্তাকারে কোন একটি কলেজের নাম অথবা তথ্যসহ পূর্ণবাক্যে উত্তর দেয়া যায়। এভাবে যেসব প্রশ্নের উত্তরে তথ্য সরবরাহ করতে হয় সেসব প্রশ্নকে Information Question বা WH Question বলা হয়। এ Unit-এ আমরা এ জাতীয় প্রশ্ন করার কৌশল এবং উত্তর দেয়ার পদ্ধতি শিখব।

CHAPTER ONE — WHAT

এ অধ্যায়ে যা শিখব ঃ

বস্তু সম্পর্কে প্রশ্ন করার কৌশল এবং এসব প্রশ্নের উত্তর দেয়ার পদ্ধতি।

How to Ask about an Object
কিভাবে বস্তু সম্পর্কে প্রশ্ন করতে হয়

What অর্থ কী। কোন বস্তু সম্পর্কে জানতে What দিয়ে প্রশ্ন করতে হয়।
যেমন ঃ রাসেল কী পড়ে?,
তুমি কোন বাড়িতে থাক?
বিভিন্ন পরিস্থিতিতে What দিয়ে কিভাবে প্রশ্ন করতে হয় তা এখন আলোচনা করছি।

Present Indefinite Tense-এ What

রাসেল কী পড়ে? ফাহাদ কী খেলে? তারা কী করতে চায়? রহিম কী খায় না? এ ধরনের প্রশ্ন যদি কাউকে করতে হয় তবে নিম্নোক্ত Structure টি Follow করতে হবে।

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

■ **What + do/does/don't/doesn't+subject + verb এর base form + extension +?**

তুমি কী খেতে চাও? — What do you want to eat?
সাব্বির কী পড়ে? — What does Sabbir read?
সে কী বলতে চায়? — What does he want to say?
তুমি নিজেকে কী মনে কর? — What do you think about yourself?
তুমি কী খেতে সবচেয়ে বেশি পছন্দ কর? — What do you like to eat most?
ছালমা কী লেখে? — What does Salma write?
সাইদুর কী বুঝাতে চায়? — What does Saidur mean to say?
সোহাগ কী খোঁজে? — What does Shohag look for?
মা কী রান্না করে? — What does mother cook?
তারা মাঠে কী খেলে? — What do they play in the field?
সাদিয়া বাগানে কী রোপণ করে না?—What doesn't Sadia plant in the garden?
তুমি অবসর সময়ে কী পড়? — What do you read in leisure time?

*[**N.B.** : Self -Check -এর Ans. গুলো প্রত্যেক Chapter-এর শেষে পাবেন।]*

Self -Check : No—1

(ক) তুমি কী পড়? (খ) সজীব কী লেখে? (গ) তুমি কোন শ্রেণীতে পড়? (ঘ) তুমি কী পছন্দ কর? (ঙ) তুমি কী হতে চাও? (চ) তারা কী তৈরি করে? (ছ) তারা কী খায় না?

তার নাম কী? ফারহানার পেশা কী? তোমার পরিচয় কী? বাড়িটির উচ্চতা কত? এ ধরনের প্রশ্ন করার জন্য নিচের Structure-টি অনুসরণ করতে হবে।

■ **Structure : What+am/is/are + subject + extension + ..?**

খোকন কী করে/খোকনের পেশা কী? — What is Khokon?
এই নাটকটির নৈতিক শিক্ষা কী?— What's the moral lesson of this drama?
গোলাপের রং কী? — What's the colour of a rose?
নাহিদের ভবিষ্যৎ কী? — What's the future of Nahid?
নদীটির গভীরতা কত? — What's the depth of the river?
তোমার লক্ষ্য কী? — What's your aim?
তাদের পেশা কী? — তারা কী করে? What are they?
তোমার পদবী কী? — What's your designation?
বায়েজীদের স্কুলের নাম কী? — What's the name of Bayzeed's school?

Note : (i) পাঠকমণ্ডলী কথা বলার সময় দ্রুত এবং সংক্ষেপে বলতে পারাটাই বাঞ্ছনীয় তাই What is এর পরিবর্তে What's ব্যবহার করা হল।

(ii) বাংলা বাক্যের শেষে ক্রিয়া থাকলে Present Indefinite Tense এর ক্ষেত্রে do/does ব্যবহার করতে হবে। আর শেষ শব্দটি যদি ক্রিয়া না হয়ে অন্য কিছু হয় তবে to be verb (am/is/are) ব্যবহার করতে হবে।

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Self Check : No — 2

(ক) তিনি কী করেন? (খ) তোমাদের উদ্দেশ্য কী? (গ) তার শিক্ষাগত যোগ্যতা কী? (ঘ) তোমার গন্তব্য কী? (ঙ) দুধের রং কী? (চ) তোমার পরিচয় কী? (ছ) উপন্যাসটির বিষয়বস্তু (main theme) কী? (জ) রুমটির প্রস্থ কত?

Present Continuous-এ What-এর ব্যবহার :

তুহিন কী লিখছে? সেলিম কী পড়ছে? রোকন কী করছে না? এ ধরনের প্রশ্ন করতে হলে নিচের Structure-টি follow করতে হবে।

■ **Structure : What + am / is / are / aren't/ isn't + subject + verb এর শেষে ing + extension + ?**

রোকন কী ভাগ করছে? — What's Rokon dividing?
পলাশ কী লিখছে? — What's Palash writing?
তোমরা কী সিদ্ধান্ত নিচ্ছ? — What are you deciding?
সে কী চিন্তা করছে? — What's he thinking about?
কৃষকরা কী বিক্রি করছে? — What are the farmers selling?
শিশুরা পার্কে কী খেলছে? — What are the children playing in the park?
পরশ কী খাচ্ছে না? — What isn't Parash eating?
আমরা কী লিখছি না? — What aren't we writing?
তারা কী পরিধান করছে না? — What aren't they wearing?

Self Check : No — 3

(ক) শিশুটি কী চিবাচ্ছে ? (খ) সে কী তৈরি করছে? (গ) কানন কী বলছে? (ঘ) আইরিন কী দেখছে? (ঙ) সোমা কী খুঁজছে? (চ) তুহিন কী পড়ছে না? (ছ) সোহাগ কী খাচ্ছে না? (জ) তোমার বোন কী করছে? (ঝ) তুমি এখন কী লিখছ?

Present Perfect Tense-এ What-এর ব্যবহার :

সে কী খেয়েছে? রোজী কী সিদ্ধান্ত নিয়েছে? আবির কী লিখছে?
এ ধরনের প্রশ্ন করতে নিচের Structure-টি follow করতে হবে।

■ **What + have/has haven't/ hasn't + subject + verb-এর past participle + extension + ?**

সে কী খেয়েছে? — What has he eaten?
তুমি কী স্বপ্নে দেখেছ? — What have you dreamt?
সুইটি কী কিনেছে? — What has Sweety bought?
ফাতেমা এ ব্যাপারে কী সিদ্ধান্ত নিয়েছে? — What has Fatema decided about this?
নাজমা কী খায়নি? — What hasn't Nazma eaten?
আমরা কী পড়িনি? — What haven't we read?
হাসান লিখনের জন্মদিনে কী উপহার দিয়েছে? — What has Hasan presented on Likhon's birthday?

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Self Check : No — 4

(ক) সে কী পরিকল্পনা করেছে? (খ) সে তোমার কানে কানে কী বলেছে? (গ) তুমি কী উপলব্ধি করেছ? (ঘ) সে তার বোনের জন্য কী পাঠিয়েছে? (ঙ) খালেদ কী কিনেনি? (চ) বুলবুল কী বহন করেছে? (ছ) লতিফা কী এঁকেছে? (জ) সাব্বির কী বলেনি?

Past Indefinite Tense-এ What-এর ব্যবহার ঃ

তুমি কী খুঁজছিলে? তাহমিনা কী হারিয়েছিল? সে কী দেখল? মাহমুদ কী চিন্তা করেনি? এ ধরনের ভাব প্রকাশ করতে হলে এ structure টি ব্যবহার করতে হবে।

■ **What + did/didn't + subject + verb-এর base form + extension + ?**

তুমি গতকাল আমার কাছে কী চেয়েছিলে? — What did you want to me yesterday?

তুমি কী পরিকল্পনা করেছিলে? — What did you plan?

তারা এ ব্যাপারে কী সিদ্ধান্ত নিয়েছিল? — What did they decide about this?

তুমি কী উপলব্ধি করনি? — What didn't you realize?

আফিফা তাকে কী জানালো না? — What didn't Afifa inform him?

নায়ীমা কী হারিয়েছিল? — What did Naeema lose?

সাইদুর কী অর্জন করেছিল? — What did Saidur earn?

তুমি তাকে কী ফেরত দিলে না? — What didn't you return him?

তুমি তার সম্বন্ধে কী মন্তব্য করেছিলে? — What did you comment about him?

সে কী খেল না? — What didn't he eat?

কী ডুবল ? কী বাজল? কী ঘটল? এ ধরনের ভাব প্রকাশ করতে নিচের নিয়মটি অনুসরণ করতে হবে।

■ **What + verb-এর past form+ extension?**

কী ডুবল? — What sank?

কী থামল? — What stopped?

এখানে কী ঘটল? — What happened here?

কী ধসে পড়ল? — What collapsed?

বিঃ দ্রঃ এখানে What গুলো Subject হিসাবে ব্যবহৃত হয়েছে।

Self Check : No — 5

(ক) গতকাল তোমার ভাই কী বলেছিল? (খ) আইরিন বনে কী দেখেছিল? (গ) রায়হান তার বাবার কাছে কী লিখেছিল? (ঘ) রফিক কী পায়নি? (ঙ) কামরুল কী পছন্দ করেনি ? (চ) কী ঘটল? (ছ) কী হারাল?

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

◗ আর বাংলা বাক্যের শেষে যদি ক্রিয়া না হয়ে অন্য কিছু হয় যেমন, তার ঠিকানা কী ছিল? সোবহানের পেশা কী ছিল? এ ধরনের প্রশ্ন করতে হলে নিচের Structure টি follow করতে হবে।

■ **Structure : What + was/were + subject + extension +?**

তার ঠিকানা কী ছিল? — What was his address?
সোবহানের পেশা কী ছিল?/সোবহান কী করে? — What was Subhan?
বাড়িটির উচ্চতা কত ছিল? — What was the height of the house?
তাহমিনার শিক্ষাগত যোগ্যতা কী ছিল?
What was Tahmina's educational qualification?
তোমার ভাইয়ের সমস্যাগুলো কী ছিল?
What were your brother's problems?
সেখানে কী ছিল? What was there?

Past continuous Tense-এ What

ফাহাদ কী মুখস্থ করছিল? কামরুল কী খুঁজছিল? তুমি তার সাথে কী বলছিলে? এ ধরনের ভাব প্রকাশ করতে এই Structure টি অনুসরণ করতে হবে;

■ **What + was/were/wasn't/ weren't + subject + verb-এর সাথে ing + extension +?**

ফাহাদ কী মুখস্থ করছিল? — What was Fahad memorising?
কামরুল কী খুঁজছিল? — What was Kamrul looking for?
তুমি তার সাথে কী বলছিলে? — What were you talking to him?
গাধাটি কী বহন করছিল? — What was the ass carrying?
শিক্ষক ছাত্রদের কী শিখাচ্ছিল?
What was the teacher teaching the students?
সীমা কী খাচ্ছিল না? — What wasn't Seema eating?
তারা কী সাজাচ্ছিল? — What were they decorating?
ময়না কী পড়ছিল না? — What wasn't Moyna reading?

Self Check : No — 6

(ক) দোকানদার কী ওজন করছিল? (খ) রাজু কী বাজাচ্ছিল? (গ) রাজীব কী পিটাচ্ছিল? (ঘ) মেয়েটি কী বুনছিল না (weave)? (ঙ) তারা কী খাচ্ছিল না? (চ) রাসেল কী ব্যাখ্যা করছিল?

Future Indefinite Tense-এ What :

রাসেল কী পড়বে? ফাহাদ কী খেলবে? রোজী কী লিখবে না? এ ধরনের প্রশ্ন করতে নিম্নের Structure টি follow করতে হবে;

■ **What + will/won't + subject + verb-এর base form + extension + ?**

সে বাগানে কী করবে? — What will he do in the garden?
আমি কী শিখাব? — What will I teach?

facebook.com/tanbir.ebooks

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

তোমরা মাঠে কী রোপণ করবে? — What will you plant in the field?

ইংরেজি পড়ে তুমি কী অর্জন করবে? — What will you gain by reading English?

তুমি জনগণের কল্যাণের জন্য কী করবে না? — What won't you do for the welfare of the people?

সে দুর্দিনের জন্য কী সঞ্চয় করবে না? — What won't he save for his difficult time

গোয়ালিনী কী দোহন করবে না? — What won't the milkmaid milk?

সে তার বিরুদ্ধে কী অভিযোগ করবে? — What will he complain against him?

তুমি কিসের যত্ন নিবে? — What will you take care of?

Self Check : No — 7

(ক) আমরা কী করব না? (খ) আমরা কী শিখব? (গ) আমাদের জন্য স্যার কী করবেন? (ঘ) সীমা কী পছন্দ করবে? (ঙ) ফরহাদ এখন কী করবে? (চ) তুমি কী কিনবে না?

Future Continuous Tense-এ What :

তারা মাঠে কী করতে থাকবে? রোজী কী লিখতে থাকবে? তামান্না কী গাইতে থাকবে? এ ধরনের প্রশ্ন করতে হলে নিচের Structure টি অনুসরণ করতে হবে;

Structure : What + will/ won't + subject + be + verb-এর সাথে ing+ extension+?

তারা মাঠে কি করতে থাকবে? — What will they be doing in the field?

রোজী কী লিখতে থাকবে? — What will Rozy be writing?

আসিফ কী শিখতে থাকবে? — What will Asif be learning?

আমরা কী উদযাপন করতে থাকব না?

What won't we be celebrating?

আমি কী তৈরি করতে থাকব? — What will I be making?

রুমা কী বলতে থাকবে? — What will Ruma be telling?

Note : *বর্তমানে ইংরেজিতে shall-এর ব্যবহার নাই বললেই চলে। তাই 1st person-এ shall ব্যবহার না করে will ব্যবহার করা হয়েছে।*

Self Check : No — 8

(ক) তুমি কী রোপন করতে থাকবে? (খ) তারেক কী চর্চা করতে থাকবে? (গ) তুমি কী তৈরি করতে থাকবে না? (ঘ) বীথি কী রাঁধতে থাকবে না?(ঙ) সাথী কী বলতে থাকবে না?

Fb: www.facebook.com/tanbir.cox Web🌎:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Method of Answer
(উত্তর দেয়ার পদ্ধতি)

পাঠকবৃন্দ আমরা What দিয়ে প্রশ্ন করা শিখলাম। এখন এ জাতীয় প্রশ্নের উত্তরতো শেখা দরকার। আমরা এখন What দিয়ে করা প্রশ্নের উত্তর দেয়া শিখব। প্রথমে দুটি প্রশ্নের উত্তর লক্ষ্য করুন।

What do you want to eat? (তুমি কি খেতে চাও?)

Answer : Rice (ভাত)

Or, I want to eat rice. (আমি ভাত খেতে চাই)

এভাবে সংক্ষেপে এবং পূর্ণ বাক্যে দু'পদ্ধতিতেই উত্তর দেয়া যেতে পারে। পূর্ণ বাক্যে উত্তর দিলে যে বিষয়টি লক্ষ্য রাখতে হবে তা হলো প্রশ্ন যে Tense-এ থাকবে উত্তর ও সে Tense-এ দিতে হবে।

■ **Some Examples :**

Ques : What's the colour of the rose? (গোলাপটির রং কী?)
Ans. 1 : Red. লাল
Ans. 2 : The colour of the rose is red? (গোলাপটির রং লাল?)
Ques : What's the name of Tanveer's school? (তানভীরের স্কুলের নাম কি?)
Ans. 1 : Panch Bag High School. (পাঁচবাগ হাই স্কুল)
Ans. 2 : The name of Tanveer's School is Panch Bag High School. (তানভীরের স্কুলের নাম পাঁচবাগ হাই স্কুল।)
Ques : What's Fahad writing? (ফাহাদ কী লিখছে?)
Ans. 1 : A letter. (একটি চিঠি)
Ans. 2 : Fahad is writing a letter. (ফাহাদ একটি চিঠি লিখছে।)
Ques : What has Sweety bought? (সুইটি কি কিনেছে?)
Ans. 1 : Nothing. (কিছুই না।)
Ans. 2 : Sweety has bought nothing? (সুইটি কিছুই কিনেনি।)
Ques : What haven't we read in 5th paper? (আমরা ৫ম পত্রে কী পড়িনি?)
Ans. 1 : Tom John. (টম জন।)
Ans. 2 : We haven't read Tom John in 5th Paper. (আমরা ৫ম পত্রে টম জন পড়িনি।)
Ques : What has Latif presented Fatema on her birthday? (লতিফ ফাতেমাকে তার জন্মদিনে কি উপহার দিয়েছে?)
Ans. 1 : Pen and diary. (কলম এবং ডায়েরী।)
Ans. 2 : Latif has presented a pen and a diary to Fatema on her birthday. (লতিফ ফাতেমাকে তার জন্মদিনে কলম এবং ডায়েরী উপহার দিয়েছে।)

Fb: www.facebook.com/tanbir.cox Web🌎:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Ques : What happened there? (সেখানে কী ঘটেছিল?)
Ans. 1 : An accident. (একটি দুর্ঘটনা।)
Ans. 2 : There happened an accident. (সেখানে একটি দুর্ঘটনা ঘটেছিল।)
Ques : What was Fahad memorizing? (ফাহাদ কি মুখস্থ করছিল?)
Ans. 1 : A poem. (একটি কবিতা।)
Ans. 2 : Fahad was memorizingt a poem. (ফাহাদ একটি কবিতা মুখস্ত করছিল।)
Ques : What will Ruma be telling? (রুমা কী বলতে থাকবে?)
Ans. : A story. একটি গল্প।
Ans. 2 : Ruma will be telling a story. (রুমা একটি গল্প বলতে থাকবে।)
Ques : What won't you teach ? (তুমি কি শিখাবে না?)
Ans. 1 : Math. (অংক।)
Ans. 2 : I won't teach you Math. (আমি তোমাকে অংক শিখাব না।)

Several uses of What
(What- এর নানাবিধ ব্যবহার)

What + Noun

তাহমিনা কী রং সবচেয়ে বেশি পছন্দ করে?
What color does Tahmina like most?
অভি কোন কলমটি হারিয়েছে? — What pen has Abhi lost?
তুমি কয়টায় কলেজে যাও? — What time do you go to college?
সজীব কয়টায় ব্যাডমিন্টন খেলে?
What time does Shajeeb play Badminton?
ফাতেমা কয়টায় মফিজ স্যারের কাছে যাবে?
What time will Fatema go to Mofiz Sir?
মা কী কী জিনিস কিনেছেন? — What things has mother bought?
সোমা কী গান গাবে? — What song will Soma sing?
রায়হান কী খাবার খেয়েছিল? — What food did Rayhan eat?

Method of Answer
(উত্তর দেয়ার পদ্ধতি)

সোমা কী গান গাবে ? ফাতেমা কয়টায় মফিজ স্যারের কাছে গিয়েছিল? এ জাতীয় প্রশ্নের উত্তরে শুধু Noun টিকে উল্লেখ করা যায়। যেমন : সোমা কী গান গাবে? এর উত্তরে বলা যায় ; রবীন্দ্র সংগীত। অথবা পূর্ণ বাক্যে উত্তর দেয়া যায় যে, সোমা রবীন্দ্র সংগীত গাবে।

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

এবার কিছু উদাহরণ লক্ষ্য করুন ঃ

Ques : What song'll Soma sing? (সোমা কী গান গাবে?)
Ans. 1 : Tagore song. (রবীন্দ্র সংগীত।)
Ans. 2 : Soma will sing Tagore song. (সোমা রবীন্দ্র সংগীত গাবে।)
Ques : What food did Rayhan eat? (রায়হান কি খাবার খেয়েছিল?)
Ans. 1 : Rice and vegetable. (ভাত এবং সব্‌জি)
Ans. 2 : Rayhan ate rice and vegetable. (রায়হান ভাত এবং সব্‌জি খেয়েছিল।)
Ques : What time do you go to college? (তুমি কয়টায় কলেজে যাও?)
Ans. 1 : At 9 a.m. (সকাল নয়টায়।)
Ans. 2 : I go to college at 9. a.m. (আমি সকাল নয়টায় কলেজে যাই।)

What + else (আর কি?)

■ What else কে আপনি বিভিন্ন Tense এ ব্যবহার করে বিভিন্ন ধরনের মনোভাব প্রকাশ করতে পারবেন।

তুমি আর কি খাবে? — What else will you eat?
সাব্বির আর কি অধ্যয়ন করেছিল? — What else did Sabbir study?
রোজী আর কি পাচ্ছে? — What else is Rozy getting?
তাহমিনা আর কি চেয়েছে? — What else has Tahmina wanted?
ফাহাদ আর কি পড়বে? — What else will Fahad read?
রাহাত আর কি খেলবে? — What else will Rahat play?
ইমরান আর কি নিবে? — What else will Imran take?

Method of Answer
(উত্তর দেয়ার পদ্ধতি)

■ ইমরান আর কি নিবে? রোজী আর কী পাচ্ছে? এ জাতীয় প্রশ্নের উত্তরও সংক্ষেপে এবং পূর্ণ বাক্যে দেয়া সম্ভব। তবে লক্ষ্য রাখতে হবে প্রশ্ন যে tense এ করা হচ্ছে উত্তরও যেন সে tense-এ হয়।

Ques : What else'll you eat? (তুমি আর কি খাবে?)
Ans. 1 : Vegetable (সব্‌জি।)
Ans. 2 : I'd like to eat vegetable. (আমি সব্‌জি খেতে চাই।)
Note : [I'd = I would.]
(যেহেতু offer-এ respond করা হচ্ছে তাই will না ব্যবহার করে would like to ব্যবহার করা হলো)
Ques : What else is Rozy getting? (রোজী আর কি পাচ্ছে?)
Ans. 1 : Nothing else. (আর কিছু না।)

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Ans. 2 : Rozy is getting nothing else. (রোজী আর কিছু পাচ্ছে না।)

Ques : What else has Tahmina wanted? (তাহমিনা আর কি চেয়েছে?)

Ans. 1 : Shoe and cap. (জুতা এবং টুপি।)

Ans. 2 : Tahmina has wanted shoe and cap. (তাহমিনা জুতা এবং টুপি চেয়েছে।)

What ..... like (কেমন/কি রকম।)

■ তোমার চাকরি কি ধরনের? ঢাকা কেমন ? আপনার বাড়ি কেমন? এভাবে কোন কিছুর প্রকৃতি জানার জন্য নিচের Structureটি অনুসরণ করতে হবে।

■ **Structure : What + am/ is/ are/ was/ were + noun + extension + ?**

তোমার পিতা কি ধরনের? — What's your father like?
ফাহাদের কলম কেমন? — What's Fahad's pen like?
তোমার বোনের ঘড়ি কি ধরনের?
What's your sister's watch like?
আপনার পরিবার কেমন? — What's your family like?
বাংলাদেশের লোকজন কেমন?
What are the people of Bangladesh like?
তুমি স্কুল জীবনে কেমন ছিলে?
What were you like in your school life?
গতকাল আবহাওয়া কেমন ছিল?
What was the weather like yesterday?

Method of Answer
(উত্তর দেয়ার পদ্ধতি)

■ উল্লেখিত ধরনের প্রশ্নের উত্তর দিতে শুধু উপযুক্ত adjective ব্যবহার করা যায়। যেমন–

What's your family like? (তোমার পরিবার কেমন?)
এর উত্তরে বলা যায়, Small and happy? (ছোট এবং সুখী)
অথবা পূর্ণ বাক্যেও উত্তর দেয়া যায়। তখন Structure টি হবে ;

■ **Subject + am/is/are/was/were + adjective.**

যেমন : My family is small and happy. (আমার পরিবার ছোট এবং সুখী।)

এবার কয়েকটি উদাহরণ লক্ষ্য করুন ঃ

Ques : What're your friends like? (তোমার বন্ধুরা কেমন?)

Ans. 1 : Simple, generous, polite and sophisticated. (সরল, উদার, ভদ্র এবং অত্যাধুনিক।)

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Ans. 2 : My friends are simple, generous polite and sophisticated.(আমার বন্ধুরা সরল, উদার, ভদ্র এবং অত্যাধুনিক।)

Ques : What was Seema's love like? (সীমার প্রেম কেমন ছিল?)

Ans. 1 : Sincere and real. (আন্তরিক ও খাঁটি।)

Ans : Seema's love was sincere and real. (সীমার প্রেম ছিল আন্তরিক ও খাঁটি।)

Ques : What are the natural scenes of Bangladesh like.? (বাংলাদেশের প্রাকৃতিক দৃশ্যাবলি কেমন?)

Ans. 1 : Very charming. (খুব নয়নাভিরাম।)

Ans. 2 : Natural scenes of Bangladesh are very charming. (বাংলাদেশের প্রাকৃতিক দৃশ্যাবলি খুব নয়নাভিরাম।)

What .... look like

কেউ বা কোন কিছু আকৃতিতে কেমন বা দেখতে কেমন তা প্রকাশ করতে উল্লেখিত structure টি অনুসরণ করতে হবে

এবার কিছু উদাহরণ লক্ষ্য করুন :

মেয়েটি দেখতে কেমন? — What does the girl look like?

মহিলাটি দেখতে কেমন ছিল? — What did the lady look like?

শিশুটি দেখতে কেমন হবে? — What'll the baby look like?

বালকটি দেখতে কেমন হতে পারে?

What might have the boy looked like?

কানের দুলটি দেখতে কেমন? — What does the ear-ring look like?

Method of Answer
উত্তর দেয়ার পদ্ধতি

■ উল্লিখিত ধরনের প্রশ্নের উত্তর যদি সংক্ষেপে দিতে চান তবে like-এর সাথে যথাযথ noun ব্যবহার করতে হবে। আবার পূর্ণ বাক্যেও উত্তর দেয়া যেতে পারে।

Examples :

Ques : What does the girl look like?(বালিকাটি দেখতে কেমন?)

Ans. 1 : Like an actress. (অভিনেত্রীর মত।)

Ans. 2 : The girl looks like an actrees. (মেয়েটি দেখতে অভিনেত্রীর মত।)

Ques : What does the radio look like? (রেডিওটি দেখতে কেমন?)

Ans. 1 : Like a mobile phone set. (মোবাইল ফোন সেটের মত)

Ans. 2 : The radio looks like a mobile phone set. (রেডিওটি দেখতে মোবাইল ফোন সেটের মত।)

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

What kind of/sort of/type of
(কি রকমের/কি ধরনের/কেমন)

মনিরা কি ধরনের বই পড়তে পছন্দ করে? সাইদুর দুপুরে কি ধরনের খাবার খায়? এ ধরনের প্রশ্ন করতে নিচের Structure টি ব্যবহার করতে হবে।

■ **What type of/ sort of/kind of + tense অনুযায়ী auxiliary verb + subject + verb + extension + ?**

মনিরা কি ধরনের বই পড়তে পছন্দ করে?

What type of book does Monira like to read?

সাইদুর মধ্যাহ্ন ভোজে কোন্ ধরনের খাবার খায়?

What kind of food does Saidur take for lunch?

জিয়াদ সাহেব তাঁর গ্রামের বাড়ি সাতক্ষীরায় কি ধরনের ভবন নির্মাণ করবেন।

What sort of building will Mr. Ziad build in his village home, Satkhira?

Method of Answer
(উত্তর দেয়ার পদ্ধতি)

উল্লেখিত ধরনের প্রশ্নের উত্তর সংক্ষেপে দিতে হলে adjective + noun (noun phrase) অথবা adjective অথবা শুধু noun ব্যবহার করতে হবে।

অতএব উল্লেখিত প্রশ্নটির উত্তরে বলা যায়, Religious book. (ধর্মীয় বই।) আর পূর্ণ বাক্যে উত্তর দিতে চাইলে **Subject + verb + যথাযথ adjective + noun (noun phrase)/noun adjective + extension** ব্যবহার করতে হবে।

অতএব উল্লেখিত প্রশ্নের উত্তরটি হবে, Monira likes to read religious book. (মনীরা ধর্মীয় বই পড়তে পছন্দ করে।)

এবার আরও কিছু উদাহরণ দেখুন ;

Ques : What kind of food does Saidur take for lunch? (সাইদুর মধ্যাহ্ন ভোজে কোন্ ধরনের খাবার খায়?)

Ans.1 : Light food. (হালকা খাবার।)

Ans. : Saidur takes light food for lunch. (সাইদুর মধ্যাহ্নভোজে হালকা খাবার খায়।)

Ques. : What sort of building will Mr. Ziad build in his village home, Satkhira? (জিয়াদ সাহেব তাঁর গ্রামের বাড়ি সাতক্ষীরায় কি ধরনের ভবন নির্মাণ করবেন?)

Ans. 1 : A two storied building. (দ্বিতল বিশিষ্ট বাড়ি।)

Ans. 2 : Mr. Ziad will build a two storied building in his village home, Satkhira. (জিয়াদ সাহেব তাঁর গ্রামের বাড়ি সাতক্ষীরায় দ্বি-তল বিশিষ্ট বাড়ি নির্মাণ করবেন।)

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Ques. : What type of people are they? (তারা কী ধরনের লোক?
Ans. 1 : Simple and polite. (সরল এবং নম্র।)
Ans. 2 : They are simple and polite. (তারা সরল এবং নম্র।)
Ques : What type of shirt does Farhan like? (ফারহান কি ধরনের শার্ট পছন্দ করে?)
Ans. 1 : White shirt. (সাদা শার্ট।)
Ans. 2 : Farhan likes white shirt. (ফারহান সাদা শার্ট পছন্দ করে।)

Self Check- এর Answer : 'What'

Self Check : No —1

(ক) What do you read? (খ) What does Sajeeb write? (গ) What class do you read in? (ঘ) What do you like? (ঙ) What do you want to be? (চ) What do they make? (ছ) What don't they eat?

Self Check : No —2

Present Indefinite Tense এ– 'What'

(ক) What is he? (খ) What are your aims? (গ) What is his educational qualification? (ঘ) What is your destination? (ঙ) What is the color of milk? (চ) What is your identity? (ছ) What is the main theme of the novel? (জ) What is the breadth of the room?

Self Check : No —3

(ক) What is the baby chewing? (খ) What is he making? (গ) What is Kanon saying? (ঘ) What is Irin watching? (ঙ) What is Soma looking for? (চ) What isn't Tuhin reading? (ছ) What isn't Shohagh eating? (জ) What is your sister doing? (ঝ) What are you writing now?

Self Check : No —4

(ক) What has he planned? (খ) What has he whispered? (গ) What have you realized? (ঘ) What has he sent for his sister? (ঙ) What hasn't Khaled bought? (চ) What has Bulbul carried? (ছ) What has Lotifa drawn? (জ) What hasn't Sabbir Said?

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Self Check : No—5

(ক) What did your brother tell yesterday? (খ) What did Irin see in the forest? (গ) What did Rayhan write to his father? (ঘ) What didn't Rafiq get? (ঙ) What didn't Kamrul like? (চ) What happened? (জ) What lost?

Self Check : No —6

(ক) What was shopkeeper weighing? (খ) What was Raju ringing? (গ) What was Rajeeb beating? (ঘ) What wasn't the girl weaving? (ঙ) What weren't they eating? (চ) What was Rasel explaining?

Self Check : No —7

(ক) What won't we do? (খ) What'll we learn? (গ) What'll sir do for us? (ঘ) What'll Seema like? (ঙ) What'll Farhad do now? (চ) What won't you buy?

Self Check—8

(ক) What'll you be planting? (খ) What'll Tareq be practising? (গ) What won't you be making? (ঘ) What'll Beethi be cooking? (ঙ) What'll Sathe be telling?

CHAPTER TWO — WHEN

এ অধ্যায়ে যা শিখব ;
সময় সম্পর্কে কিভাবে প্রশ্ন করতে হয় এবং এ জাতীয় প্রশ্নের উত্তর দেয়ার পদ্ধতি।
প্রশ্ন ঃ তুমি কখন কলেজে যাবে?
উত্তর ঃ ১ ঃ সকাল ১০টায়।
উত্তর ঃ ২ ঃ আমি সকাল ১০টায় কলেজে যাব।

How to ask about time
কিভাবে সময় সম্পর্কে প্রশ্ন করতে হয়

When অর্থ কখন, কোন্ সময় (at what time), সময় সম্পর্কে জানতে অর্থাৎ কোন্ সময় কাজটি সংঘটিত হয়, হয়েছিল বা হবে সম্পর্কে জানতে When দিয়ে প্রশ্ন করতে হয়। বিভিন্ন পরিস্থিতিতে কিভাবে When দিয়ে প্রশ্ন করতে হয় তা আমরা এখন শিখব।

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Present Indefinite Tense -এ When

মিনা কখন ঘুম থেকে ওঠে? রোজি কখন স্কুলে যায়? তোমরা কখন টিভি দেখ? এ ধরনের প্রশ্ন করতে নিম্নের Structure টি অনুসরণ করতে হবে।

■ **Structure : When + do/does + subject + verb-এর base form + extension + ?**

মিনা কখন ঘুম থেকে উঠে? — When does Mina get up?
রোজি কখন স্কুলে যায়? — When does Rosy go to school?
তোমরা কখন টিভি দেখ? — When do you watch TV?
রাজিব কখন বাড়ি ফেরে? — When does Ragib return home?
তারা কখন মসজিদে যায়? — When do they go to mosque?
তুমি কখন ফজরের নামায পড়? — When do you say fazar prayer?
তোমাদের স্কুল কখন ছুটি হয়?— When does your school break up?
তোমার মা কখন ভাত রান্না করে?
When does your mother cook rice?
তোমার বোন মনিরা কখন কুরআন পড়ে?
When does your sister, Monira read the holy Quran?
কবীর কখন ব্যায়াম করে? — When does Kabir take exercise?

Self-Check : No—1

(ক) জাহিদ কখন গল্প করে? (খ) রিনা কখন জাহিদের সাথে দেখা করে? (গ) তুহিন কখন সাঁতার কাটে? (ঘ) মুক্তা কখন মাদ্‌রাসায় যায়? (ঙ) মাসুমের ক্লাস কখন শুরু হয়? (চ) মুকাদ কখন গান শোনে? (ছ) রহিম সাহেব কখন অফিসে যান? (জ) তুমি কখন হাদীস পড়? (ঝ) হাছান কখন কুরআন তেলাওয়াত করে? (ঞ) বাশার কখন ছবি আঁকে?

Present Continuous Tense এ "When" :

তানভীর কখন উত্তর হারিনা আসছে? ইমরান কখন গফরগাঁও যাচ্ছে? তোমরা কখন কুরআন শরীফ পড়ছ? এ ধরনের প্রশ্ন করতে নিচের structure টি অনুসরণ করতে হবে।

■ **Structure : When + am/is/are + subject + verb + ing + extension + ?**

তানভীর কখন উত্তর হারিনা আসছে?
When is Tanveer coming to Uttar Harina?
ইমরান কখন গফরগাঁও যাচ্ছে?
When is Imran going to Gafargaon?
তোমরা কখন কুরআন শরীফ পড়ছ?
When are you reading the holy Quran?
তুমি কখন বাড়ি যাচ্ছ? — When are you going home?
রাণী কখন পড়তে যাচ্ছে? — When is Rani going to read?
তুমি কখন এই জায়গা ত্যাগ করছ? — When are you leaving this place?
তুমি কখন ঘুমাতে যাচ্ছ? — When are you going to bed?

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Self-Check : No—2

(ক) তারা কখন বাজারে যাচ্ছে? (খ) তুমি কখন পড়তে যাচ্ছ? (গ) সে কখন বাড়িতে যাচ্ছে? (ঘ) মাসুম কখন খেতে যাচ্ছে? (ঙ) সাদ্দাম কখন বাড়িতে ফিরছে? (চ) সুরাইয়া কখন স্কুলে যাচ্ছে? (ছ) সজীব কখন পড়াতে যাচ্ছে?

Present Perfect Tense এ 'When' :

তুমি কখন কলমটি কিনেছ? রাজিব কখন ক্রিকেট খেলেছে? ফারহান কখন স্কুলে গিয়েছে? এ ধরনের প্রশ্ন করতে নিচের structure টি অনুসরণ করতে হবে।

■ **structure : When + have/has + subject + verb-এর past participle + extension + ?**

তুমি কখন কলমটি কিনেছ? — When have you bought the pen?
রাজিব কখন ক্রিকেট খেলেছে?
When has Rajeeb played cricket?
ফারহান কখন স্কুলে গিয়েছে? — When has Farhan gone to school?
সাব্বির কখন এসেছে? — When has Sabbir come?
তুমি কখন বাড়ি ফিরেছো? — When have you returned home?
সে কখন ভাত খেয়েছে? — When has he eaten rice?
বুলবুল কখন বাড়ি গিয়েছে? — When has Bulbul gone home?
তুমি কখন তোমার পড়া শেষ করেছে?
When have you finished your lesson/reading?

Self-Check : No—3

(ক) জাহিদ কখন স্কুলে এসেছে? (খ) মা কখন ভাত রান্না করেছে? (গ) সোহাগ কখন ঘুমিয়েছে? (ঘ) মনিরা কখন ঢাকা এসেছে? (ঙ) মাহবুব কখন তোমাকে মেরেছে? (চ) স্যার কখন তোমাকে বকা দিয়েছে?

Past Indefinite Tense এ 'When' :

তুমি কখন স্টেডিয়াম গিয়েছিলে? ফরহাদ কখন মাছ ধরেছিল? ইভা কখন বই কিনেছিল? এ ধরনের প্রশ্ন করতে নিচের Structure টি অনুসরণ করতে হবে।

■ **Structure : When + did + subject + verb এর base form + extension + ?**

তুমি কখন স্টেডিয়াম গিয়েছিলে?
When did you go to the Stadium?
ফরহাদ কখন মাছ ধরেছিল? — When did Farhad catch fish?
ইভা কখন বইটি কিনেছিল? — When did Eva buy the book?
নেভা কখন তোমাকে ফোন করেছিল? — When did Neva phone you?
তারা কখন ঘুম থেকে উঠল? — When did they get up?
সোহাগ গতকাল কখন টিভি দেখেছিল?
When did Shohag watch TV. yesterday?
তুমি গতরাতে কখন ঘুমিয়েছিলে? — When did you go to bed last night?
সে কখন তোমার সাথে দেখা করল? — When did he meet you?
তুমি কখন খাওয়া বন্ধ করলে? — When did you stop eating?

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Self-Check : No—4

(ক) তুমি কখন কাজটি শুরু করলে? (খ) সে কখন তোমাকে ফোন করল? (গ) রাজ্জাক কখন তোমাকে মেরেছিল? (ঘ) তারা কখন ভাত খেল? (ঙ) পলি কখন ভাত রান্না করল? (চ) হোসনে আরা কখন ঘুমাল? (ছ) সাইদুর কখন বাড়ি গেল? (জ) শাহানারা কবে বিদেশে গেল?

Past Continuous Tense এ 'When' :

সোহাগ কখন স্টেশনে যাচ্ছিল? স্বপন কখন গল্প করছিল? ছানাউল্লাহ কখন খেলছিল? এ ধরনের প্রশ্ন করতে এ Structure টি অনুসরণ করতে হবে।

■ **Structure : When + was/were + subject + verb + ing + extension + ?**

সোহাগ কখন স্টেশনে যাচ্ছিল? — When was Shohag going to the station?

স্বপন কখন গল্প করছিল? — When was Shapon gossiping?

ছানাউল্লাহ কখন খেলছিল? — When was Sanaullah playing?

নাসির কখন পড়ছিল? — When was Nasir reading?

সাজু কখন গান শুনছিল? — When was Saju hearing a song?

সিরাজ কখন মাহিন কে পড়াচ্ছিল?

When was Siraz teaching Mahin?

মা কখন ভাত রান্না করছিল? — When was Mother cooking rice?

তানযীম কখন চিঠি লিখছিল?

When was Tanzeem writing a letter?

Self-Check : No—5

(ক) তুমি কখন তাকে ফোন করছিলে? (খ) আব্বা কখন তাকে বকা দিচ্ছিল? (গ) তুমি কবে/কখন গান শুনছিলে? (ঘ) মাহমুদ কবে/কখন গান গাচ্ছিল? (ঙ) রফিক কবে/কখন ক্রিকেট খেলছিল? (চ) রানা কবে/কখন স্কুলে যাচ্ছিল?

Future Indefinite Tense এ 'When' :

শাহীন কখন চিঠি লিখবে ? রানা কখন ঘুমাবে? শাপলা কখন উপন্যাস পড়বে? এ রকমের প্রশ্ন করতে যে Structure টি ব্যবহার করতে হবে তা হল ;

■ **Structure : When + will + subject + verb এর base form + extension + ?**

শাহীন কখন চিঠি লিখবে? — When will Shaheen write a letter?

রানা কখন ঘুমাবে? — When will Rana sleep?

তারা কখন বাড়ি ফিরবে? — When will they return home?

লিপি কবে তোমার কাছে ফোন করবে? — When will Lipy phone you?

তুমি কবে একজন শিক্ষক হবে? — When will you be a teacher?

তোমাদের স্কুল পুনরায় কবে খুলবে?

Fb: www.facebook.com/tanbir.cox Web🌎:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

When will your school reopen?
শিল্পী কবে HSC. পরীক্ষা দিবে?
When will shilpy appear at the H.S.C; examnation?
তুমি কখন তোমার দুপরের খাবার খাবে?
When will you have your lunch?
সে কখন আমাকে সংবাদটি জানাবে?
When will he inform me of the news?

Self-Check : No—6

(ক) তোমাদের ক্লাস কবে পুনরায় শুরু (resume) হবে? (খ) সাত্তার কবে বিদেশে যাবে? (গ) জিয়া কবে অনার্স পাস করবে? (ঘ) অহিদ কবে জামা কিনবে? (ঙ) বুলবুল কবে বাড়ি যাবে? (চ) জাহানারা কখন তোর সাথে দেখা করবে? (ছ) মাহমুদা কখন বাড়ি ফিরবে?

Future continuous Tense এ When :

তুমি কখন বই পড়তে থাকবে? তামান্না কখন ফুল তুলতে থাকবে? তাহমিনা কখন নখ কাটতে থাকবে?এ ধরনের প্রশ্ন করতে হলে যে Structure টি অনুসরণ করতে হবে তা হল ;

■ **When + Will + subject + be + verb+ ing+ extension + ?**
মনে রাখার সুবিধার্থে এ ভাবে মুখস্ত করতে পারেন
Form : When will (you) be (doing) তুমি কখন (করতে) থাকবে?
শুধু 'you' এবং 'doing' কে পরিবর্তন করে এ সংক্রান্ত সব ধরনের প্রশ্ন করতে পারবেন।

যেমন–
তুমি কখন বইটি পড়তে থাকবে?
When will you be reading the book?
তামান্না কখন ফুল তুলতে থাকবে?
When will Tamanna be plucking flowers?
তাহমিনা কখন নখ কাটতে থাকবে?
When will Tahmina be cutting nail?
বান্না কখন বাড়ি যেতে থাকবে?
When will Banna be going home?
হিমু কখন পত্রটি লিখতে থাকবে?
When will Himu be writing the letter?

Self-Check : No—7

(ক) রহিম সাহেব কখন বইটি পড়তে থাকবেন? (খ) রশীদ সাহেব কখন অংকটি কষতে থাকবেন? (গ) বাহাদুর স্যার কখন অনুবাদটি বুঝাতে থাকবেন? (ঘ) তারা কখন কাজটি করতে থাকবে? (ঙ) আমি কখন তাকে পড়াতে থাকব?

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Method of Answer
(উত্তর দেয়ার পদ্ধতি)

When দিয়ে প্রশ্ন করে সময় জানতে চাওয়া হয়। তাই এ ধরনের প্রশ্নের উত্তরে 'সময়' উল্লেখ করতে হয়। যেমন–

When will you go to Dhaka? (তুমি কখন ঢাকা যাবে?)
এর উত্তরে বলা যায়, On Sunday
অথবা, On Friday
অথবা, Tomorrow
অথবা, The day after tomorrow.
অথবা, After three days.
অথবা, Within a week.
অথবা, On the 15th of this month.
এভাবে প্রয়োজনানুসারে When দিয়ে করা প্রশ্নের উত্তর দেয়া যায়।

অতএব When সংক্রান্ত প্রশ্নের উত্তরে যে বিষয়গুলো দরকার চলুন তা এখন আমরা শিখি।

When will you meet me? এর উত্তরে যদি;

- আগামীকাল বুঝাতে চান তবে বলবেন;
  Tomorrow.
- পরশু বুঝাতে চাইলে,
  The day after tomorrow.
- সপ্তাহের কোন দিন বুঝাতে চাইলে বলতে হবে,
  On Sunday.
  On Monday.
  On Thursday.
  On Saturday.
- কতদিনের মধ্যে করবে বুঝালে বলা যায়
  Within two days.
  Within five days.
  Within two weeks
  Within one month.
- কোন তারিখে করবে তা বুঝালে বলা যায়,
  On the 15th of this month.
  On the 5th of January.
- কতদিন পর করবে বুঝালে
  After three days.
  After eight days.
  After two weeks.
  After one month

facebook.com/tanbir.ebooks

Fb: www.facebook.com/tanbir.cox Web:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

■ না বোধক উত্তর দিতে চাইলে বলা যায়

Not today.
Not tomorrow.
Not this month.

উপরে যে সব পদ্ধতির কথা বললাম তা হলো সংক্ষেপে উত্তর দেয়ার পদ্ধতি। তবে তা পরিস্থিতি অনুযায়ী ব্যবহার করতে হবে অর্থাৎ কখনও tomorrow আবার কখনও not today ইত্যাদি।

আবার পূর্ণাঙ্গ বাক্যে ও উত্তর দেয়া যায়। তবে মনে রাখতে হবে যে প্রশ্ন যে Tense এ করা হয় উত্তর যেন সে Tense-এ হয়। এবার কিছু উদাহরণ লক্ষ্য করা যাক; সংক্ষেপে উত্তর দেয়ার পদ্ধতিকে Ans. 1 এবং পূর্ণ বাক্যে উত্তর দেয়ার পদ্ধতিকে Ans. 2 শিরোনামে লিখলাম।

Ques : When does Tamanna pluck flower? (তামান্না কখন ফুল তোলে?)
Ans. 1 : In the afternoon. (বিকালে।)
Ans. 2 : Tamanna plucks flower in the afternoon? (তামান্না বিকালে ফুল তোলে।)
Ques : When does Tahmina get up from the bed? (তাহমিনা কখন ঘুম থেকে উঠে?)
Ans. 1 : At 6 am. (সকাল ৬টায়।)
Ans. 2 : Tahmina gets up from bed at 6 am. (তাহমিনা সকাল ৬টায় ঘুম থেকে ওঠে।)
Ques : When has Farhan come? (ফারহান কখন এসেছে?)
Ans. 1 : Tonight (আজ রাতে।)
Ans. 2 : Farhan has come tonight. (ফারহান আজ রাতে এসেছে।)
Ques : When was Shohag going to the station? (সোহাগ কখন স্টেশনে যাচ্ছিল?)
Ans. 1 : In the afternoon. (বিকালে।)
Ans. 2 : Shohag was going to the station in the afternoon. (সোহাগ বিকেলে স্টেশনে যাচ্ছিল।)
Ques : When will Rosy go to Cox's Bazar? (রোজী কখন কক্সবাজার যাবে?)
Ans. 1 : Within a month. (একমাসের মধ্যে।)
Ans. 2 : Rosy will go to Cox's Bazar within a month. (রোজি একমাসের মধ্যে কক্সবাজার যাবে।)
Ques : When will Imran go to college? ইমরান কখন কলেজে যাবে?
Ans. 1 : The day after tomorrow. (আগামী পরশু)
Ans. 2 : Imran will go to college the day after tomorrow. (ইমরান আগামী পরশু কক্সবাজার যাবে।)

Fb: www.facebook.com/tanbir.cox Web🌎:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

Self-Check : No—1

(ক) When does Zahid chat? (খ) When does Rina meet Zahid? (গ) When does Tuhin swim? (ঘ) When does Mukta go to madrasha? (ঙ) When does Masum's class start? (চ) When does Muqad hear a song? (ছ) When does Mr Rahim go to office?(জ) When do you read Hadith? (ঝ) When does Hasan recite the holy Quran? (ঞ) When does Basar draw picture?

Self-Check : No—2

(ক) When are they going to market? (খ) When are you going to read? (গ) When is he going home? (ঘ) When is Masum going to eat? (ঙ) When is Saddam returning home? (চ) When is Suraya going to school? (ছ) When is Sajeeb going to teach?

Self-Check : No—3

(ক) When has Zahid come to school? (খ) When has mother cooked rice? (গ) When has Shohag slept? (ঘ) When has Munir come to Dhaka? (ঙ) When has Mahabub beaten you? (চ) When has sir rebuked you?

Self-Check : No—4

(ক) When did you begin the work? (খ) When did he phone you? (গ) When did Razzaq beat you? (ঘ) When did they eat rice? (ঙ) When did Poly cook rice? (চ) When did Hosneara sleep? (ছ) When did Saidur go home? (জ) When did Shahanara go abroad?

Self-Check : No—5

(ক) When were you phoning him? (খ) When was Father chiding him? (গ) When were you hearing song? (ঘ) When was Mahmud singing a song? (ঙ) When was Rafiq playing cricket? (চ) When was Rana going to school?

Self-Check : No—6

(ক) When'll your class resume? (খ) When'll Sattar go abroad? (গ) When'll Zia pass Honours? (ঘ) When'll Wahid buy a shirt?(ঙ) When'll Bulbul go home? (চ) When'll Jahanara meet you? (ছ) When'll Mahmuda return/come back home?

Self-Check : No—7

(ক) When'll Mr. Rahim be reading the book? (খ) When'll Mr. Rasheed be doing the sum? (গ) When'll Bahadur sir be making understand the translation? (ঘ) When'll they be doing the work? (ঙ) When'll I be teaching him?

Fb: www.facebook.com/tanbir.cox Web🌎:-www.tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

CHAPTER THREE — WHERE

এ অধ্যায়ে যা শিখব ঃ স্থান সম্পর্কে প্রশ্ন করার কৌশল এবং এ জাতীয় প্রশ্নের উত্তর দেয়ার পদ্ধতি। যেমন ঃ

প্রশ্ন ঃ তোমরা কোথায় থাক?

উত্তর ১ ঃ ঢাকায়।

উত্তর ঃ ২ ঃ আমরা ঢাকায় থাকি।

